আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
তারপর যদি তারা গ্রহণ না করে, তাহলে প্রমাদ সৃষ্টিকারীদেরকে আল্লাহ জানেন।
সূরা আল ইমরান ৬৩

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ শনিবার ॥ ০৮ আগস্ট ২০২৬ ॥ ২৪ সফর ১৪৪৮ ॥ ২৪ শ্রাবণ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৬৫ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট

এ্যাংকর সিমেন্ট
স্থায়িত্বের মজবুত সোপান
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

গণমাধ্যম শক্তিশালী হলে গণতন্ত্রও শক্তিশালী হবে: ফখরুল

কীর্তনখোলা ডেস্ক
টেকসই গণতন্ত্র প্রতিষ্ঠায় স্বাধীন, দায়িত্বশীল ও শক্তিশালী গণমাধ্যমের কোনো বিকল্প নেই বলে মন্তব্য করেছেন ২ এর পাতায় দেখুন

'কিসের হাসিনা, তার চেহারা কী দেখা গেছে?

কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশের মানুষ কখনোই আওয়ামী লীগের রাজনীতি গ্রহণ করবে না বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। ২ এর পাতায় দেখুন



জুলাই সনদ ইস্যুতে আমরা দুই মেরুতে রয়েছি: ডা. শফিকুর

কীর্তনখোলা ডেস্ক
জুলাই সনদ ইস্যুতে সরকার এবং আমরা এখনো আমরা দুই মেরুতে রয়েছি। দেশের ৭০ ভাগ মানুষের রায়কে অবশ্যই ২ এর পাতায় দেখুন

কাঠামোগত সংস্কার না হলে এই সরকারও স্বৈরাচারী হবে: নাহিদ

কীর্তনখোলা ডেস্ক
জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, যদি কাঠামোগত সংস্কার না করা হয়, এই ২ এর পাতায় দেখুন

চাহিদার তুলনায় অর্ধেক বিদুৎ তীব্র লোডশেডিংয়ে নাকাল বরিশাল

কীর্তনখোলা রিপোর্ট
সন্ধ্যা নামার সঙ্গে সঙ্গে বরিশালের হাজারো পরিবারের মনে একটাই শঙ্কা, আজ আবার কখন বিদ্যুৎ যাবে? রাতের খাবারের প্রস্তুতি, শিশুদের পড়াশোনা, অসুস্থ মানুষের বিশ্রাম কিংবা ছোট ব্যবসাপ্রতিষ্ঠানের স্বাভাবিক কার্যক্রম সবকিছুই যেন এখন নির্ভর করছে বিদ্যুতের অনিশ্চিত আসা-যাওয়ার ওপর। একবার বিদ্যুৎ আসে, কিছুক্ষণ পরই আবার চলে যায়। কোথাও আধা ঘণ্টা, কোথাও এক-দুই ঘণ্টা, আবার কোনো কোনো এলাকায় গভীর রাত পর্যন্ত চলতে থাকে এমন লোডশেডিং। বরিশাল নগরীর তুলনায় জেলার বিভিন্ন উপজেলা, বিশেষ করে মুলাদী, হিজলা ও মেহেন্দিগঞ্জে পরিস্থিতি আরও ভয়াবহ। স্থানীয়দের অভিযোগ, দিনে যেমন একাধিকবার বিদ্যুৎ বিচ্ছিন্ন হচ্ছে, তেমনি রাতভরও কয়েক দফা লোডশেডিং চলছে। ফলে গরমে অতিষ্ঠ হয়ে উঠেছে জনজীবন। বিদ্যুৎ বিভাগ বলছে, এই সংকটের মূল কারণ জাতীয় গ্রিড থেকে প্রয়োজনের তুলনায় অনেক কম বিদ্যুৎ পাওয়া। চাহিদা ও সরবরাহের বিশাল ব্যবধানের কারণেই বাধ্য হয়ে লোডশেডিংয়ের মাধ্যমে বিদ্যুৎ বিতরণ করতে হচ্ছে। পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশের (পিজিসিবি) বরিশালের নির্বাহী প্রকৌশলী আক্তারুজ্জামান পলাশ জানান, বর্তমানে বরিশাল নগর ও জেলার মোট বিদ্যুতের চাহিদা প্রায় ১৮৫ মেগাওয়াট। কিন্তু জাতীয় গ্রিড থেকে পাওয়া যাচ্ছে মাত্র ১২২ মেগাওয়াট। অর্থাৎ প্রতিদিন প্রায় ৬৩ মেগাওয়াট বিদ্যুতের ঘাটতি নিয়েই চলছে বরিশালের বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা। তিনি বলেন, চাহিদার তুলনায় অনেক কম বিদ্যুৎ পাওয়ায় সব এলাকায় একসঙ্গে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হচ্ছে না। সীমিত বিদ্যুৎ সমন্বয় করতেই লোডশেডিং করতে হচ্ছে। বিদ্যুৎ বিভাগের তথ্য অনুযায়ী, বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর আওতাধীন ২ এর পাতায় দেখুন

হাসিনার বক্তব্যকে আমরা সমর্থন করি না: ভারত

কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশের আপত্তি সত্ত্বেও গত ৫ আগস্ট মানবতাবিরোধী অপরাধে দণ্ডিত শেখ হাসিনাকে একটি প্রেস ব্রিফিংয়ে কথা বলতে দেয় ভারত সরকার। এ নিয়ে ঢাকা ক্ষুব্দ প্রতিক্রিয়া জানায়। হাসিনার প্রেস ব্রিফিংয়ের দুইদিন পর বিষয়টি নিয়ে মুখ খুলেছে ভারত। শুক্রবার (৮ আগস্ট) ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়ালকে এ নিয়ে প্রশ্ন করেছিলেন এ সাংবাদিক। জবাবে তিনি প্রথমে দাবি করেন, হাসিনাকে কথা বলার সুযোগ দেওয়ার ক্ষেত্রে ভারত সরকারের কোনো সংশ্লিষ্টতা নেই। আর হাসিনা ওইদিন বাংলাদেশ সরকারকে নিয়ে যা যা বলেছেন সেটিতেও নয়াদিল্লির সমর্থন নেই। রণধীর বলেন, "একটি বেসরকারি মিডিয়া প্রতিষ্ঠানের আয়োজিত ওই প্রেস ব্রিফিংয়ে ভারত সরকারের কোনো সংশ্লিষ্টতা নেই। এতে সরকারের কোনো অবদান নেই। আমি বিষয়টি আবারও পুনর্ব্যক্ত করছি।" প্রেস ব্রিফিংয়ে বক্তব্য রাখা হাসিনা ও ২ এর পাতায় দেখুন

প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক বিশেষ সহকারী ড. জিয়াউদ্দিন হায়দার

স্বাস্থ্য বাজেটের এমন বিশাল বৃদ্ধি নজিরবিহীন

কীর্তনখোলা রিপোর্ট
প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক বিশেষ সহকারী ড. এস এম জিয়াউদ্দিন হায়দার বলেছেন, 'বিশ্বের ইতিহাসে কোনো উন্নয়নশীল দেশ এক বছরের ব্যবধানে তাদের স্বাস্থ্য বাজেটে ৩৫ থেকে ৩৭ শতাংশ অর্থায়ন বাড়াতে পেরেছে বলে আমার জানা নেই। তবে বাংলাদেশে এবার স্বাস্থ্য খাতে জিডিপির ১.১০ শতাংশ বরাদ্দ দেওয়া হয়েছে, যা একটি অভূতপূর্ব পদক্ষেপ।' শুক্রবার (৭ আগস্ট) বরিশাল নগরীর হোটেল গ্র্যান্ড পার্কের সাউথ গেট হলে আয়োজিত 'সমন্বিত ইপিআই, এইচপিভি, ওপেন এসআরপি ও স্বাস্থ্য কর্মসূচি' সংক্রান্ত বিভাগীয় পর্যালোচনা কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ২ এর পাতায় দেখুন

নদীতে ভাসমান মরদেহ ঘিরে চাঞ্চল্য তদন্তে পুলিশ

পিরোজপুর প্রতিনিধি
পিরোজপুরের কঁচা নদীর হুলারহাট বন্দর এলাকা থেকে এক অজ্ঞাতনামা পুরুষের ভাসমান মরদেহ উদ্ধার করেছে পুলিশ। শুক্রবার (৭ আগস্ট) সকাল আনুমানিক ৯টার দিকে স্থানীয়দের খবরের ভিত্তিতে মরদেহটি উদ্ধার করা হয়। সূত্র জানায়, শুক্রবার সকালে হুলারহাট বন্দর সংলগ্ন কঁচা নদীতে একটি মরদেহ ভেসে থাকতে দেখেন স্থানীয়রা। পরবর্তীতে তারা বিষয়টি পিরোজপুর সদর থানায় অবহিত করেন। খবর পেয়ে পিরোজপুর সদর থানা পুলিশ এবং কাউখালী নৌ পুলিশের যৌথ দল মরদেহটি নদী থেকে উদ্ধার করে। পিরোজপুর সদর থানার এসআই মোল্লা রমিজ জাহান জুম্মা বলেন, উদ্ধারকৃত মরদেহটি একজন পুরুষের। ময়নাতদন্তের জন্য মরদেহটি ২ এর পাতায় দেখুন

শেকড় সাহিত্য সংসদের উদ্যোগে ৩৬ জুলাইয়ের কবিতা পাঠ

কীর্তনখোলা রিপোর্ট
শেকড় সাহিত্য সংসদের আয়োজনে দৈনিক কীর্তনখোলা অফিসে অনুষ্ঠিত হয়েছে ৩৬ জুলাইয়ের কবিতা পাঠ। ০৭ আগষ্ট শুক্রবার বিকেল ৫.৩০ মিনিটে অনুষ্ঠানের শুভ সূচনা হয়। এতে স্বাগত বক্তব্য রাখেন শেকড় সাহিত্য সংসদের সাধারণ সম্পাদক কবি ও গবেষক পথিক মোস্তফা। শেকড় সাহিত্য সংসদের সভাপতি ও নব্বই দশকের খ্যাতিমান কবি নয়ন আহমেদের সভাপতিত্বে এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশী সাংস্কৃতিক জোটের আহবায়ক এস এম সাব্বির নেওয়াজ সাগর। বিশেষ অতিথি ছিলেন কবি জামান মুনির ও নাট্যব্যক্তিত্ব ৩ এর পাতায় দেখুন

শেখ হাসিনাকে 'অধিনায়ক' উল্লেখ করে তার সঙ্গে দেশে ফিরতে চান সাকিব

কীর্তনখোলা ডেস্ক
ছাত্রজনতার অভ্যুত্থানের মুখে ২০২৪ সালে পালিয়ে ভারতে আশ্রয় নিয়েছেন সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সম্প্রতি তিনি প্রথমবারের মতো লাইভে গণমাধ্যমের প্রশ্নের উত্তর দিয়েছেন। সেই সংবাদ সম্মেলনে ভার্চুয়ালি যুক্ত হয়েছিলেন বাংলাদেশ জাতীয় দলের সাবেক অধিনায়ক সাকিব আল হাসান। যা নিয়ে তিনি তোপের মুখে পড়েন। তার রেশ না কাটতেই এবার শেখ হাসিনার সঙ্গে দেশে ফিরতে চান বলে জানিয়েছেন সাকিব। বার্তা সংস্থা রয়টার্সকে দেওয়া সাক্ষাৎকারে সাবেক এই বিশ্বসেরা অলরাউন্ডার বলেছেন, সরকার যদি তার নিরাপত্তার নিশ্চয়তা দেয়, তাহলে তিনি দুই বছরের নির্বাসন ভেঙে দেশে ফেরা, নিজের বিরুদ্ধে আনা হত্যা মামলাসহ সব অভিযোগের বিচার মোকাবিলা করতে এবং বিদায়ী সিরিজ খেলতে প্রস্তুত। সম্প্রতি ২ এর পাতায় দেখুন

বিএম কলেজে ছাত্রদল-ছাত্রশিবিরের সমঝোতা বৈঠক, শান্ত হলো ক্যাম্পাস

আজিজুল হাকিম সামি, বিএম কলেজ
বরিশাল সরকারি ব্রজমোহন (বিএম) কলেজ ক্যাম্পাসে সৃষ্ট সাম্প্রতিক উত্তেজনা নিরসনে ছাত্রদল ও ছাত্রশিবিরের মধ্যে সমঝোতা বৈঠক অনুষ্ঠিত হয়েছে। কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. শেখ মো. তাজুল ইসলামের আহ্বানে বৃহস্পতিবার রাতে অধ্যক্ষের কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন কলেজের শিক্ষকদের নিয়ে গঠিত শৃঙ্খলা কমিটির সদস্যবৃন্দ, বরিশাল মহানগর ও বিএম কলেজ ছাত্রদলের নেতৃবৃন্দ এবং ছাত্রশিবিরের নেতৃবৃন্দ । অধ্যক্ষের মধ্যস্থতায় উভয় পক্ষের মধ্যে সাম্প্রতিক ঘটনাবলি নিয়ে আলোচনা হয় এবং ক্যাম্পাসের শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার বিষয়ে ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা, সদর রোড, বরিশাল, 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি, প্যারারোড, সদর রোড, বরিশাল, 01711-264963	অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868515	অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868514
খন্দকার লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01763-107720	রহমান বুক হাউজ, প্যারারোড, সদর রোড, বরিশাল, 01718-670945	মজুমদার লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল, 01716-139268
অমৃত লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল, 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি, বি.এম কলেজের সামনে, 01726-074663	হক লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে, 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেট, 01717-488083

বিএনপি নেতাকর্মীদের 'খাই খাই' বন্ধের আহ্বান এমপি জামালের

ঝালকাঠি প্রতিনিধি
কেন্দ্রীয় বিএনপির ধর্মবিষয়ক সম্পাদক ও ঝালকাঠি-১ আসনের সংসদ সদস্য (এমপি) রফিকুল ইসলাম জামাল বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীদের উদ্দেশে 'খাই খাই' মানসিকতা বন্ধের আহ্বান জানিয়ে একটি ফেসবুক পোস্ট ২ এর পাতায় দেখুন

ডেপুটি স্পিকারের স্বাক্ষর জালের অভিযোগে এসি ল্যান্ডের বিরুদ্ধে মামলা

বরগুনা প্রতিনিধি
জাতীয় সংসদের ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামালের স্বাক্ষর ও সংসদ সচিবালয়ের অফিসিয়াল প্যাড জাল করে বদলি ঠেকানো এবং কাঙ্ক্ষিত পদায়ন নেওয়ার চেষ্টার অভিযোগে বরগুনা সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) শাওন মজুমদার সুমনের বিরুদ্ধে মামলা হয়েছে। বৃহস্পতিবার (৭ আগস্ট) ঢাকার শেরেবাংলা নগর থানায় মামলাটি করেন জাতীয় সংসদ সচিবালয়ের গণসংযোগ উপবিভাগ-১-এর পরিচালক মো. মনির হোসেন। মামলায় শাওন মজুমদারকে প্রধান আসামি করা হয়েছে। ২ এর পাতায় দেখুন

দেশে বারবার রক্তক্ষয়ী আন্দোলন হলেও প্রত্যাশিত মুক্তি আসেনি

চরমোনাই পীর

কীর্তনখোলা ডেস্ক
দেশে বারবার রক্তক্ষয়ী আন্দোলন হলেও প্রত্যাশিত মুক্তি, শান্তি ও সমৃদ্ধি আসেনি বলে মন্তব্য করেছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির মুফতি সৈয়দ মুহাম্মাদ রেজাউল করীম। তিনি বলেন, 'দেশে বারংবার রক্তক্ষয়ী আন্দোলন হচ্ছে। আমাদের বীর জনতা অন্যায়, বৈষম্য ও নিপীড়নের বিরুদ্ধে বুক চিতিয়ে লড়াই করেছেন কিন্তু প্রত্যাশিত মুক্তি, শান্তি ও সমৃদ্ধি আসে নাই। কারণ ৩ এর পাতায় দেখুন

মেসেঞ্জারে ছাত্রীকে কু-প্রস্তাবের অভিযোগ শিক্ষক বললেন 'আইডি হ্যাক হয়েছে'

নেছারাবাদ প্রতিনিধি
পিরোজপুরের নেছারাবাদে ফেসবুক মেসেঞ্জারে এক স্কুলছাত্রীকে অনৈতিক প্রস্তাব ও অশালীন বার্তা পাঠানোর অভিযোগ উঠেছে এক শিক্ষকের বিরুদ্ধে। তবে অভিযোগ অস্বীকার করে ওই শিক্ষক দাবি করেছেন, তার ফেসবুক আইডি হ্যাক হওয়ার পর অন্য কেউ এসব বার্তা পাঠিয়েছে। এ ঘটনায় ছাত্রীর বাবা থানায় লিখিত অভিযোগ করেছেন। অভিযুক্ত ওই শিক্ষক উপজেলার সুটিয়াকাঠি পাইলট বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের ল্যাব অ্যাসিস্ট্যান্ট (আইটি শিক্ষক) পদে কর্মরত। শুক্রবার (৭ আগস্ট) দুপুরে ওই ছাত্রীর বাবা বাদী হয়ে নেছারাবাদ থানায় লিখিত অভিযোগ দেন। ছাত্রীর বাবা অভিযোগ করেন, তার স্ত্রীর ফেসবুক আইডি মাঝে মাঝে তার স্কুলপড়ুয়া মেয়ে ব্যবহার করে। ওই আইডিতে মেয়ের স্কুলের ওই শিক্ষকের ফেসবুক আইডি থেকে বিভিন্ন সময় অনৈতিক প্রস্তাব ও অশালীন বার্তা পাঠানো হয়েছে। বিষয়টি জানার পর ছাত্রীর বাবা বিদ্যালয়ের প্রধান শিক্ষককে জানান। তবে এ বিষয়ে প্রধান শিক্ষক কোনো ব্যবস্থা নেননি বলে অভিযোগ করেন তিনি। পরে তিনি থানায় সাধারণ ডায়েরি (জিডি) করেন। অভিযোগের বিষয়ে ওই শিক্ষক ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
প্রতিনিধি আবশ্যক
দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

কৃষকবান্ধব পদক্ষেপ নিন

কৃষিনির্ভর বাংলাদেশে কৃষকের সমস্যা-সংকটের যেন অন্ত নেই। দিনে দিনে কৃষি খাতে নানা সুফল এলেও কৃষকের ভাগ্যের তেমন পরিবর্তন হয়নি। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) সর্বশেষ জরিপেও এমন হতাশাজনক চিত্র উঠে এসেছে। দেখা গেছে, উৎপাদন যে হারে বেড়েছে, সেই অনুযায়ী কৃষকের আয় বাড়েনি। এতে কৃষকসমাজ যে দুর্বিপাকে ছিল, সেখানেই রয়ে গেছে। জরিপের বরাত দিয়ে জানিয়েছে, দেশের খাদ্য নিরাপত্তার দিক থেকে সবচেয়ে ভরসার জায়গা হলেন ক্ষুদ্র কৃষক। দেশের মোট খাদ্য উৎপাদনের অর্ধেকের বেশি তাঁদের হাতে, অথচ আয়, জমির মালিকানা, জীবনমানসহ প্রায় সব সূচকেই তাঁরা বড় কৃষকদের তুলনায় অনেক পিছিয়ে। বিশেষজ্ঞরা বলছেন, এই ব্যবধান ২০৩০ সালের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনের পথে বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়াতে পারে। গত মঙ্গলবার প্রকাশিত বিবিএসের 'সার্ভে অন ইনকাম অ্যান্ড প্রোডাক্টিভিটি অব স্মল-স্কেল ফুড প্রডিউসার্স ২০২৫' জরিপের উদ্দেশ্য ছিল 'ক্ষুদ্র খাদ্য উৎপাদকদের শ্রম উৎপাদনশীলতা' এবং 'ক্ষুদ্র খাদ্য উৎপাদকদের গড় আয়ের' পরিমাপ যাচাই করা। এই জরিপে দেশের আট বিভাগের ফসল, বনায়ন, প্রাণিসম্পদ, মৎস্যসহ পাঁচটি কৃষি খাতের ১২ হাজার ৮৭৯টি খামার পরিবারের তথ্য বিশ্লেষণ করা হয়েছে। জরিপের ফল বলছে, দেশের মোট খাদ্য উৎপাদনের ৫৩.৬৫ শতাংশই ক্ষুদ্র কৃষক। জাতীয় পর্যায়ে শ্রম দিবসপ্রতি গড় উৎপাদনশীলতা এক হাজার ৮৬৮ টাকা। কিন্তু ক্ষুদ্র কৃষকদের ক্ষেত্রে এই অঙ্ক মাত্র এক হাজার ৪৯৪ টাকা, অন্যদিকে বড় কৃষকদের ক্ষেত্রে সেটি দুই হাজার ৩০১ টাকা। জমির মালিকানার ক্ষেত্রেও একই বৈষম্য বিদ্যমান। তবে বহুবর্ষজীবী ফসল, বনায়নের মতো কিছু ক্ষেত্রে ক্ষুদ্র কৃষকরা বড় কৃষকদের থেকে এগিয়ে রয়েছেন। জীবনমানের দিকে লক্ষ করলেও দেখা যায়, প্রায় ৫০ শতাংশ কৃষক পরিবারের ঘরের মেঝে এখনো মাটির। এলপিজি ব্যবহারকারী পরিবারের হার মাত্র ৫.৭ শতাংশ। এ ছাড়া কৃষক পরিবারের সদস্যদের মধ্যে ১৭ শতাংশের কোনো প্রাতিষ্ঠানিক শিক্ষা নেই। আমাদের কৃষি খাতে নির্মম বাস্তবতা হলো, দেশের কৃষক মাথার ঘাম পায়ে ফেলে উৎপাদন করেন ঠিকই, কিন্তু নিজের উৎপাদিত পণ্যের মূল্য নির্ধারণের ক্ষমতা তাঁর হাতে থাকে না। বিশেষ করে ক্ষুদ্র কৃষকরা অন্যের জমিতে চাষ করে ফসল ফলান, শেষ পর্যন্ত বাজারে গিয়ে দেখেনড় উৎপাদন খরচও উঠছে না। কম দামে ফসল বেচতে বাধ্য হন। তাই ভাগ্যের চাকাও আর ঘোরে না। আমরা মনে করি, দেশের খাদ্য উৎপাদনের মূল চালিকাশক্তি ক্ষুদ্র কৃষকের আয় বাড়াতে সরকারকে সমন্বিত পদক্ষেপ নিতে হবে। দেশের প্রচলিত বাজারকাঠামোর আমূল সংস্কার করতে হবে। সর্বোপরি ২০৩০ সালের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে কার্যকর ও লক্ষ্যভিত্তিক নীতি সহায়তার প্রয়োজন।

কাঠামোগত সংস্কার না হলে

সরকারও স্বৈরাচারী হবে। তাদের ভেতর সেই প্রবণতা আছে। এই সরকারকে বলব, দ্রুত সময়ের মধ্যে জুলাই গণঅভ্যুত্থানের সকল দাবি যদি তারা বাস্তবায়ন না করে, তাদের পক্ষে দেশ পরিচালনা করা সম্ভব হবে না। শুক্রবার (৭ আগস্ট) বিকেলে রাজধানীর মিন্টো রোডে বিরোধী দলীয় নেতা ডা. শফিকুর রহমানের বাসভবনে জুলাই গণঅভ্যুত্থান নিয়ে এক চিত্র প্রদর্শনীতে গিয়ে তিনি এসব কথা বলেন। নাহিদ ইসলাম বলেন, আমরা এটা আগেই বলেছি, এই কাঠামো, এই রাজনৈতিক সংস্কৃতি পরিবর্তন হবে না যদি না গোড়ায় আমরা পরিবর্তন না করি। মৌলিক পরিবর্তন না করি। এটা কোনো ব্যক্তি, প্রধানের, সরকার প্রধানের ব্যক্তিগত ইচ্ছার ওপর নির্ভর করে রাষ্ট্র পরিচালিত হয় না। এনসিপি আহ্বায়ক বলেন, আজকে আমরা ৭ আগস্ট জুলাই গণঅভ্যুত্থানের দুই বছর উদযাপন করলাম। এ বছর সেই জুলাই গণঅভ্যুত্থানের দ্বিতীয় বার্ষিকী উপলক্ষ্যে বিরোধীদলীয় নেতার সরকারি বাসভবনে একটি আয়োজন করা হয়েছে। নাহিদ বলেন, আমরা আজকের এই জুলাই গণঅভ্যুত্থান সম্পর্কিত চিত্র ও আলোকচিত্র প্রদর্শনী দেখেছি। যেটা 'জুলাই এখনো শেষ হয় নাই' এবং সত্যিকার অর্থেই জুলাই গণঅভ্যুত্থান শেষ হয়নি, পুরো চিত্র প্রদর্শনীতে সেটা তুলে ধরার চেষ্টা করা হয়েছে। পুরো বাংলাদেশের রাষ্ট্র প্রকল্প ১৯৪৭ সালের আজাদির লড়াই থেকে ১৯৭১-এর মহান মুক্তিযুদ্ধ এবং ২০২৪-এর গণঅভ্যুত্থান পর্যন্ত বাংলাদেশ যে ঘাত-প্রতিঘাত, স্বৈরতন্ত্র, বাকশাল, ফ্যাসিবাদ সবকিছুকে অতিক্রম করে যে জুলাই গণঅভ্যুত্থান নতুন মুক্তি এনে দিল এই দেশের মানুষকে, জনগণকে, আমরা আলোকচিত্রের মাধ্যমে সেই জিনিসটাকে ফুটিয়ে তোলার চেষ্টা করেছি। তিনি বলেন, আরও গুরুত্বপূর্ণ একটি বার্তা এই চিত্র প্রদর্শনী থেকে দেওয়ার চেষ্টা করা হয়েছে। জুলাই গণঅভ্যুত্থানের অন্যতম আকাঙ্ক্ষা হচ্ছে রাষ্ট্র সংস্কার এবং যেটা আমরা গণভোটে 'হ্যাঁ' ভোট দিয়েছি। সেই 'হ্যাঁ' ভোট আমাদের থেকে চুরি করে নিয়ে যাওয়া হলো, কেড়ে নিল এই সরকার। কিন্তু আমাদের যে অঙ্গীকার, জুলাইয়ের অঙ্গীকার হচ্ছে সংবিধান সংস্কার করা, রাষ্ট্র কাঠামোর আমল সংস্কার করা। তো সেই লড়াইটা এখন আসলে রয়ে গিয়েছে। আমাদের আজকের চিত্র প্রদর্শনীর বার্তাটা হচ্ছে এটাই যে, জুলাই গণঅভ্যুত্থানকে আমরা যদি ধরে রাখতে চাই, তাহলে তার যে আকাঙ্ক্ষা, রাষ্ট্র কাঠামোর আমল সংস্কারের সেই লড়াইটা আমরা এখনো চালিয়ে যাচ্ছি।

জুলাই সনদ ইস্যুতে আমরা

সম্মান করতে হবে। কোনো অবস্থাতেই অপমান করতে দেওয়া হবে না বলে জানিয়েছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াতের আমির ও ডা. শফিকুর রহমান। শুক্রবার (৭ আগস্ট) বেলা ১১টায় বাগেরহাট সার্কিট হাউজ মিলনায়তনে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। শেখ হাসিনা প্রসঙ্গে তিনি বলেন, আওয়ামী লীগ দেশে সন্ত্রাসের রাজত্ব কায়েম করেছে। অসংখ্য মায়ের বুক খালি করেছে, গুম করেছে। এখন পর্যন্ত আওয়ামী লীগ দুঃখ প্রকাশ করেনি। সামান্য অনুশোচনাও নেই। সীমান্তের ওপারে বসে উস্কানি অব্যাহত রেখেছে। এরকম একটা দল, যারা গুম করলো, খুন করলো, পঙ্গু করলো। একটা জেনারেশন যাদের বিরুদ্ধে দাঁড়িয়ে গেলো। তারা আবার কোনো ধরনের অনুশোচনা ছাড়া রাজনীতিতে ফিরতে চায়। সরকারের উচিত নিজ দায়িত্বে তাকে দেশে এনে বিচারের ব্যবস্থা করা। বিরোধীদলের ভূমিকা প্রসঙ্গে তিনি বলেন, এক সময় সংসদে মারামারি হয়েছে। ফাইল ছুঁড়ে মারা হয়েছে। একে অন্যের দিকে তেড়ে গেছে। অশ্লীল অশ্রব্য ভাষায় গালিগালাজ করা হয়েছে। আমরা সে পার্লামেন্ট চাই না। আমরা একটা সভ্য জগতের পার্লামেন্ট দেখতে চাই। এজন্য প্রথম দিন থেকে বিরোধীদল হিসেবে আমাদের ভূমিকা ছিল গঠনমূলক। যা আমরা অব্যাহত রাখব। কোনো উস্কানিতেই এ জায়গা থেকে আমরা সরে আসবো না। বাগেরহাট জেলা জামায়াতের আমির মাওলানা রেজাউল করিমের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন- জামায়াতের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য অধ্যক্ষ মোহাম্মদ ইজ্জত উল্লাহ এমপি, বাগেরহাট-১ আসনের সংসদ সদস্য মাওলানা মো. মশিউর রহমান, বাগেরহাট-২ আসনের সংসদ সদস্য শেখ মনজুরুল হক রাহাদ, বাগেরহাট-৪ আসনের সংসদ সদস্য অধ্যক্ষ মো. আব্দুল আলীমসহ জেলা জামাতের বিভিন্ন পর্যায়ের নেতারা।

কিসের হাসিনা, তার

তিনি বলেন, 'কিসের হাসিনা, তার চেহারা কী দেখা গেছে? মাঝেমধ্যে শুধু আওয়াজ-টাওয়াজ শোনা যায়। তারা চেষ্টা করছে, বাংলাদেশে কোনো অস্থিরতা সৃষ্টি করা যায় কি না। বাংলাদেশের মানুষ কখনোই তাদের এসব রাজনীতি গ্রহণ করবে না।' শুক্রবার (৭ আগস্ট) দুপুরে ৫০০ শয্যার কক্সবাজার মেডিকেল কলেজ হাসপাতালের নতুন ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপনকালে তিনি এসব কথা বলেন। এর আগে কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের (কউক) আবাসিক ফ্ল্যাট উন্নয়ন প্রকল্প-১-এর উদ্বোধন অনুষ্ঠানে যোগ দেন সালাহউদ্দিন আহমদ। এসময় স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সমুদ্রসম্পদ ও সমুদ্রবন্দরকে যথাযথভাবে কাজে লাগাতে পারলে দেশ বিপুল পরিমাণ রাজস্ব আয় করতে সক্ষম হবে। নীল অর্থনীতির (ব্লু ইকোনমি) সম্ভাবনাকে কাজে লাগাতে সরকার বিভিন্ন পরিকল্পনা নিয়ে এগিয়ে যাচ্ছে। কক্সবাজারের অপরিসীম পর্যটন সম্ভাবনাকে পূর্ণাঙ্গভাবে কাজে লাগানোর মাধ্যমে দেশের অর্থনীতিতে বড় ধরনের অবদান রাখা সম্ভব বলেও জানান তিনি। সালাহউদ্দিন আহমদ বলেন, ইতিপূর্বে ফ্যাসিবাদী সরকারের সময়ে ইচ্ছেমতো বিভিন্ন এলাকাকে ইসিএ এলাকা ঘোষণা করা হয়েছে। জরিপকার্য পরিচালনার মাধ্যমে পর্যটনের বিকাশের জন্য এসব এলাকা পুনর্বিবেচনার নির্দেশনা দেওয়া হয়েছে। তিনি আরও বলেন, প্রকৃতিকে সংরক্ষণ করে পর্যটনের উন্নয়নে সব ধরনের পরিকল্পনা গ্রহণ করতে হবে। শুধু উঁচু ইমারত নির্মাণই পর্যটন হতে পারে না। কক্সবাজার সমুদ্রসৈকতের সব এলাকাজুড়েই পর্যটনকেন্দ্রিক কর্মকাণ্ড পরিচালনা করতে হবে। বিশ্বব্যাপী কক্সবাজারের সৌন্দর্য ছড়িয়ে দিয়ে ভ্রমণপিপাসুদের আকৃষ্ট করতে হবে। শুধু অবকাঠামো নির্মাণকে গুরুত্ব না দিয়ে পরিবেশ সংরক্ষণ নিশ্চিত করেই পর্যটন সম্প্রসারণের চেষ্টা করতে হবে। স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, কক্সবাজারকে ঘিরে উচ্চশিক্ষা ও সামুদ্রিক গবেষণার সুযোগ সম্প্রসারণের লক্ষ্যে সরকার একটি মেরিন ইউনিভার্সিটি প্রতিষ্ঠার পরিকল্পনা নিয়েছে। এ উদ্যোগ বাস্তবায়িত হলে সামুদ্রিক শিক্ষা, গবেষণা ও দক্ষ মানবসম্পদ তৈরিতে নতুন দিগন্ত উন্মোচিত হবে। হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপনকালে উপস্থিত ছিলেন উখিয়া-টেকনাফ আসনের সংসদ সদস্য শাহাজাহান চৌধুরী, মহেশখালী-কুতুবদিয়া আসনের আলমগীর মোহাম্মদ মাহফুজ উল্লাহ ফরিদ, সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য শামীম আরা স্বপ্না প্রমুখ।

গণমাধ্যম শক্তিশালী হলে

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তার মতে, গণমাধ্যম শক্তিশালী হলে গণতন্ত্রও শক্তিশালী হবে। তবে শুধু সরকারের উদ্যোগ যথেষ্ট নয়; গণমাধ্যম, মালিকপক্ষ, সাংবাদিক ও রাষ্ট্রীয় প্রতিষ্ঠান-সব পক্ষের সম্মিলিত দায়িত্বশীল ভূমিকায় কার্যকর গণতান্ত্রিক পরিবেশ গড়ে উঠতে পারে। শুক্রবার (৭ আগস্ট) রাজধানীর একটি হোটেলে টেলিভিশন এডিটরস কাউন্সিল আয়োজিত 'টেকসই গণতন্ত্রে গণমাধ্যমের ভূমিকা' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। ফখরুল বলেন, বিএনপির দুর্ভাগ্য হলো দলটি যখনই রাষ্ট্র পরিচালনার দায়িত্বে এসেছে, তখনই একটি ধ্বংসস্তূপের উত্তরাধিকার পেয়েছে। তার অভিযোগ, গত সরকার একটি গ্যাসক্ষেত্রও অনুসন্ধান করেনি; বরং দেশকে আমদানিনির্ভর ব্যবস্থার দিকে নিয়ে গেছে। গণতন্ত্রের ধারণা ব্যাখ্যা করতে গিয়ে তিনি বলেন, গণতন্ত্র কেবল নির্বাচননির্ভর কোনো ব্যবস্থা নয়, এটি মূলত একটি সংস্কৃতি। মানুষের চিন্তা-চেতনা, আচরণ ও দৈনন্দিন চর্চায় গণতান্ত্রিক মূল্যবোধের প্রতিফলন না ঘটলে টেকসই গণতন্ত্র প্রতিষ্ঠা সম্ভব নয়। তাই ভিন্নমতের প্রতি শ্রদ্ধা, সহনশীলতা ও পরমতসহিষ্ণুতার চর্চা জোরদার করার ওপর গুরুত্বারোপ করেন তিনি। মন্ত্রী বলেন, সরকারের সমালোচনা অবশ্যই হতে পারে, তবে সরকারকে কাজ করার সুযোগও দিতে হবে। একই সঙ্গে গণমাধ্যমকে নিজের পায়ে দাঁড়িয়ে প্রাতিষ্ঠানিক ভিত্তি শক্তিশালী করতে হবে। রাষ্ট্রের বিভিন্ন প্রতিষ্ঠান শক্তিশালী না হলে গণতন্ত্রও দৃঢ় ভিত্তির ওপর দাঁড়াতে পারবে না।

নদীতে ভাসমান মরদেহ

পিরোজপুর জেলা হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। তিনি আরও বলেন, নিহতের নাম-পরিচয় শনাক্তের চেষ্টা চলছে। সেই সঙ্গে এটি হত্যা নাকি দুর্ঘটনাজনিত মৃত্যু তা ময়নাতদন্তের পর জানা যাবে। এ বিষয়ে আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলমান রয়েছে।

ডেপুটি স্পিকারের স্বাক্ষর জালের

এছাড়া অজ্ঞাত আরও কয়েকজনকে আসামি করা হয়েছে। মামলার এজাহারে বলা হয়েছে, সরকারি কর্মকর্তা শাওন মজুমদার ডেপুটি স্পিকারের জাল স্বাক্ষর ও সংসদ সচিবালয়ের লেটারহেড ব্যবহার করে একটি ভুয়া আধা-সরকারি পত্র (ডিও লেটার) তৈরি করেন। ওই নথির মাধ্যমে নিজের বদলি বাতিল করে পছন্দের স্থানে পদায়নের চেষ্টা করা হয় বলে অভিযোগ করা হয়েছে। নথি অনুযায়ী, বরগুনা সদর থেকে শাওন মজুমদারকে পটুয়াখালীর রাঙ্গাবালী উপজেলায় বদলি করা হয়েছিল। পরে জাল করা ওই ডিও লেটারে তার বদলি আদেশ বাতিল করে ঢাকার কেরানীগঞ্জ উপজেলার সহকারী কমিশনার (ভূমি) হিসেবে পদায়নের অনুরোধ জানানো হয়। সংসদ সচিবালয়ে চিঠিটি যাচাই করার পর বিষয়টি ধরা পড়ে। কর্তৃপক্ষ জানায়, এ ধরনের কোনো চিঠি সংসদ সচিবালয় থেকে ইস্যু করা হয়নি। মামলার এজাহারে উল্লেখ করা হয়েছে, ভুয়া চিঠিতে ব্যবহৃত ডেপুটি স্পিকারের স্বাক্ষর, ভাষা, বিন্যাস ও অন্যান্য নিরাপত্তা বৈশিষ্ট্য সংসদ সচিবালয়ের প্রকৃত নথির সঙ্গে মিল নেই। সরকারের পদায়ন প্রক্রিয়াকে প্রভাবিত করতেই প্রতারণার মাধ্যমে এ জালিয়াতি করা হয়েছে বলে অভিযোগ করা হয়েছে। বাদী আশঙ্কা প্রকাশ করেছেন, এ ঘটনার সঙ্গে কোনো সংঘবদ্ধ জালিয়াত চক্র জড়িত থাকতে পারে। ঘটনার প্রকৃত রহস্য উদ্?ঘাটনে অভিযুক্তদের মোবাইল ফোন, কম্পিউটার, ই-মেইলসহ বিভিন্ন ডিজিটাল ডিভাইসের ফরেনসিক পরীক্ষা এবং সংশ্লিষ্ট যোগাযোগ ও আর্থিক লেনদেন খতিয়ে দেখার অনুরোধ করা হয়েছে। জালিয়াতি, ভুয়া নথি ব্যবহার, প্রতারণা ও অপরাধমূলক ষড়যন্ত্রের অভিযোগে দণ্ডবিধির সংশ্লিষ্ট ধারায় মামলাটি করা হয়েছে। এজাহারের সঙ্গে ভুয়া চিঠির অনুলিপি, সংসদ সচিবালয়ের প্রকৃত লেটারহেডের নমুনাসহ প্রয়োজনীয় নথিপত্র জমা দেওয়া হয়েছে।

বিএনপি নেতাকর্মীদের 'খাই খাই'

করেছেন। বৃহস্পতিবার (৬ আগস্ট) রাতে নিজের ফেসবুক আইডিতে দেওয়া এক পোস্টে তিনি দলীয় নেতাকর্মীদের বিরুদ্ধে অর্থ লেনদেন, পদলোভ এবং আওয়ামী লীগের নেতাকর্মীদের সহায়তা করার অভিযোগ তোলেন। ওই ফেসবুক পোস্টে রফিকুল ইসলাম জামাল লেখেন, গত ছয় মাসে ঝালকাঠির বিএনপি ও অঙ্গসংগঠনের কিছু নেতাকর্মী আওয়ামী লীগের নেতাকর্মীদের পাহারা দেওয়া, তাদের পক্ষে ওকালতি করা, বাড়িঘর ও ঠিকাদারি কাজ পাহারা দেওয়ার বিনিময়ে সুবিধা নিয়েছেন। এমনকি টাকার বিনিময়ে আওয়ামী লীগের নেতাকর্মীদের বিএনপিতে যোগদান করানোর অভিযোগও করেন তিনি। তিনি আরও লেখেন, ঝালকাঠির বিএনপি এবং অঙ্গসংগঠনের নেতাকর্মীদের খাই খাই বন্ধ করার জন্য অনুরোধ করছি। ছয় মাসে অনেক খেয়েছেন। আওয়ামী লীগের নেতাকর্মীদের পাহারার বিনিময়ে খেয়েছেন, আওয়ামীদের পক্ষে ওকালতি করে খেয়েছেন, আওয়ামীদের বাড়িঘর পাহারা দিয়ে খেয়েছেন, ঠিকাদারি পাহারা দিয়ে খেয়েছেন। শেষ পর্যন্ত টাকার বিনিময়ে আওয়ামীদের দলে যোগদান করিয়েও খাচ্ছেন। মনে হয় দলটা খেয়ে ফেলবেন। পোস্টে তিনি লেখেন, লজ্জা থাকা উচিত। যাদের রক্তের বিনিময়ে আপনাদের এত খাওয়ার সুযোগ হয়েছে, সেই ৩৬ জুলাই শহীদদের জন্য ৫ আগস্ট একটু দোয়া-মোনাজাতও করতে পারেননি। শুধু নেতা হতে পদ চাই। খুব দ্রুতই দল থেকে ঝরে পড়বেন। বিষয়টি জানতে যোগাযোগ করা হলে সংসদ সদস্য রফিকুল ইসলাম জামাল ফেসবুক পোস্টের বিষয়টি নিজেই নিশ্চিত করেন। তিনি বলেন, স্ট্যাটাসটি আমিই আমার ভেরিফায়েড ফেসবুক আইডিতে পোস্ট করেছি।

মেসেঞ্জারে ছাত্রীকে কু-প্রস্তাবের অভিযোগ

বলেন, ২৯ জুলাই আমার এ বন্ধুর মাধ্যমে জানতে পারি, আমার ফেসবুক আইডি হ্যাক হয়েছে। পরে আমি আমার আইডি পরিবর্তন করেছি। তবে তার আইডি ঠিক কবে হ্যাক হয়েছে, সে বিষয়ে তিনি কোনো নির্দিষ্ট তথ্য দিতে পারেননি। তিনি আরও অভিযোগ করেন, এ ঘটনাকে কেন্দ্র করে ওই ছাত্রীর ভগ্নিপতি ও কয়েকজন যুবক তার বাড়িতে গিয়ে তাকে হুমকি দিয়েছেন। এ বিষয়ে সুটিয়াকাঠি পাইলট বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. নুরুল ইসলাম মিন্টু বলেন, বিষয়টি আমাকে জানানো হলে আমি শিক্ষকদের নিয়ে বৈঠকে বসে অভিযুক্ত শিক্ষককে জিজ্ঞাসাবাদ করেছি। ওই শিক্ষক তার বিরুদ্ধে আনা অভিযোগ অস্বীকার করেছেন। আমি সঠিক বিষয়টি জানতে চাই। এ ধরনের কর্মকাণ্ড কোনো শিক্ষক করে থাকলে তার শিক্ষকতা করার অধিকার নেই। নেছারাবাদ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদি হাসান জিডির সত্যতা নিশ্চিত করে বলেন, বিষয়টি তদন্তের জন্য একজন কর্মকর্তাকে দায়িত্ব দেওয়া হয়েছে। তদন্ত প্রতিবেদন অনুযায়ী পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।

বিএম কলেজে ছাত্রদল-ছাত্রশিবিরের

সমঝোতা হয়। উল্লেখ্য, গত ৪ আগস্ট সারা দেশের বিভিন্ন স্থানের মতো বিএম কলেজ ক্যাম্পাসেও ছাত্রদল ও ছাত্রশিবিরের নেতাকর্মীদের মধ্যে উত্তেজনাকর পরিস্থিতির সৃষ্টি হয়। এর প্রভাব পরবর্তী দিনগুলোতেও ক্যাম্পাসে অব্যাহত ছিল। এতে সাধারণ শিক্ষার্থীদের মধ্যে উদ্বেগ ও আতঙ্ক তৈরি হয়। ক্যাম্পাসের পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং অনাকাঙ্ক্ষিত ঘটনা এড়াতে বৃহস্পতিবার রাতে বরিশাল মহানগর ছাত্রদল ও মহানগর ছাত্রশিবিরের শীর্ষস্থানীয় নেতারা অধ্যক্ষের কার্যালয়ে আলোচনায় বসেন। দীর্ঘ আলোচনার পর অধ্যক্ষ প্রফেসর ড. শেখ মো. তাজুল ইসলামের মধ্যস্থতায় উভয় পক্ষ পূর্বের ঘটনাগুলোর শান্তিপূর্ণ সমাধান এবং ভবিষ্যতে ক্যাম্পাসে সৌহার্দ্যপূর্ণ পরিবেশ বজায় রাখতে একমত হন। সমঝোতা বৈঠকের পর ক্যাম্পাসে বিরাজমান উত্তেজনা অনেকটাই প্রশমিত হয়েছে। শিক্ষার্থীদের মধ্যেও স্বস্তি ফিরে এসেছে। কলেজ প্রশাসন ও সংশ্লিষ্ট ছাত্র সংগঠনগুলোর এমন দায়িত্বশীল ভূমিকা ও সময়োপযোগী উদ্যোগকে স্বাগত জানিয়েছেন সাধারণ শিক্ষার্থীরা। সাধারণ শিক্ষার্থীরা আশা প্রকাশ করে বলেন, ভবিষ্যতেও ক্যাম্পাসে যেকোনো ধরনের উত্তেজনা বা বিরোধ আলোচনার মাধ্যমে শান্তিপূর্ণভাবে সমাধান করা হবে এবং শিক্ষার সুষ্ঠু পরিবেশ ও পারস্পরিক সৌহার্দ্য বজায় রাখতে সংশ্লিষ্ট সবাই দায়িত্বশীল ভূমিকা পালন করবেন। এ বিষয়ে মহানগর ছাত্রদলের সদস্য সচিব নাভিদ রহমান খান তুষার বলেন, বিএম কলেজের অধ্যক্ষ স্যার আমাদের ডেকেছেন। এজন্য আমরা গিয়েছি। কলেজের কারা শিবির করে এতদিন আমরা জানতাম না। তাদের সাথে পরিচয় হয়েছে, মতবিনিময় হয়েছে। শান্তিপূর্ন পরিবেশ বজায় রাখতে রবিবার পুনরায় বিএম কলেজের শিক্ষার্থীদের নিয়ে আবার আমরা বসবো।

শেখ হাসিনাকে 'অধিনায়ক' উল্লেখ

দেশে ফেরার প্রশ্নে দ্রুততম সময়ের কথা উল্লেখ করেছিলেন সাকিব। এবারও তিনি সেই কথার পাশাপাশি ডিসেম্বরে দেশে ফিরতে চাওয়া শেখ হাসিনার সঙ্গী হওয়ারও ইচ্ছা প্রকাশ করলেন। এর আগে রয়টার্সকে হাসিনা জানিয়েছেন, তিনি এবং আওয়ামী লীগের অন্যান্য নেতারা আগামী ডিসেম্বরে স্বেচ্ছায় বাংলাদেশে ফিরবেন। একই প্রসঙ্গে এবার সাকিব বলেন, তিনি এখনই দেশে ফিরতে চান। তবে তা সম্ভব না হলে শেখ হাসিনার সঙ্গেই ফেরার চেষ্টা করবেন। সাবেক প্রধানমন্ত্রীকে অধিনায়ক উল্লেখ করে বাংলাদেশের এই তারকা ক্রিকেটার বলেন, 'অধিনায়ক যা বলেন, আমরা তাই অনুসরণ করি। আমি মনে করি, তারা ভালো সিদ্ধান্ত নেবেন, আর আমরা তাদের নির্দেশনা মেনে চলব।' শ্রীলঙ্কার ফ্র্যাঞ্চাইজি লিগ এলপিএলে খেলার কারণে বর্তমানে দেশটিতে অবস্থান করছেন সাকিব। সেখান থেকে তিনি ফোনে রয়টার্সকে বলেন, 'সরকার যদি আমাকে ক্লিয়ারেন্স দেয় এবং আমার নিরাপত্তা নিশ্চিত করে, তাহলে আমি দেশে ফিরে আদালতের বিচারসহ যা যা করার প্রয়োজন, সবকিছুর মুখোমুখি হতে প্রস্তুত।' তিনি বলেন, 'আমি জানি, আমি কোনো অন্যায় করিনি।' গত দুই বছর বিদেশে কাটানোর অভিজ্ঞতা নিয়ে এটাই ছিল তার সবচেয়ে বিস্তারিত বক্তব্য। সাবেক এই অধিনায়কের পরিস্থিতি শেখ হাসিনার ক্ষমতাচ্যুত হওয়ার পর সৃষ্ট বৃহত্তর রাজনৈতিক বাস্তবতার প্রতিফলন। হাসিনার বহু সহযোগীর বিরুদ্ধে ফৌজদারি মামলা হয়েছে, যা তাদের দেশে ফেরায় বাধা হয়ে দাঁড়িয়েছে। সাকিবের বিরুদ্ধেও রয়েছে একাধিক মামলা।

হাসিনার বক্তব্যকে আমরা

অন্যান্যদের কথার প্রতি ভারতের কোনো সমর্থন নেই উল্লেখ করে এ কূটনীতিক বলেছেন, "ওই প্রেস ব্রিফিংয়ে বলা কোনো কথাকেই (ভারত) সরকার সমর্থন করে না, বিশেষ করে বাংলাদেশের বৈধভাবে গঠিত সরকারের ব্যাপারে দেওয়া কোনো মন্তব্য তো নয়ই।" হাসিনাপুত্র সজিব ওয়াজেদ ওইদিন মন্তব্য করেন ভারতের পূর্ব দিকের অঞ্চল (বাংলাদেশ) এখন পাকিস্তানে পরিণত হচ্ছে এবং বাংলাদেশে সন্ত্রাসবাদ বিস্তার লাভ করছে। এ ব্যাপারে রণধীরকে অপর এক সাংবাদিক প্রশ্ন করেন। তিনি জিজ্ঞেস করেন জয় যে কথা বলেছে সেটিকে ভারত সমর্থন করে কি না, এ ব্যাপারে তারা কোনো কিছু করছেন কি না। জবাবে রণধীর বলেন, "আমরা আমাদের একদম পাশের প্রতিবেশীর ওপর গভীর নজর রাখি, বিশেষ করে আমাদের জাতীয় নিরাপত্তার সঙ্গে সংশ্লিষ্ট যেগুলো সেগুলোর ওপর। আর এ ক্ষেত্রে যেসব পদক্ষেপ নিতে হয় আমরা সেগুলো নেই।"

স্বাস্থ্য বাজেটের এমন

স্বাস্থ্য অধিদপ্তরের বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) কার্যালয়, বরিশাল কর্তৃক আয়োজিত এই কর্মশালায় সার্বিক সহায়তা প্রদান করে ইউনিসেফ। এছাড়া বিশ্ব স্বাস্থ্য সংস্থা, গ্যাভি এবং গেটস ফাউন্ডেশন এতে সহায়তা করে। প্রধান অতিথি তার বক্তব্যে সরকারের স্বাস্থ্য খাতের অগ্রাধিকার তুলে ধরে আরও বলেন, 'শুধু বাজেট বাড়ানোই শেষ কথা নয়, সেই অর্থের শতভাগ সঠিক ব্যবহার নিশ্চিত করাই এখন সবচেয়ে বড় চ্যালেঞ্জ। আমাদের বিদ্যমান বাজেট, ওষুধ ও সরঞ্জামাদির সঠিক প্রয়োগ এবং চরম দায়িত্বশীলতার মাধ্যমে কোনো অতিরিক্ত সহযোগিতা ছাড়াই বর্তমান স্বাস্থ্যসেবার মান অন্তত ২৫ শতাংশ পর্যন্ত উন্নত করা সম্ভব।' মাঠপর্যায়ের স্বাস্থ্যসেবা কাঠামোর আমূল পরিবর্তনের পরিকল্পনা ব্যক্ত করে তিনি বলেন, "হেলথ অ্যাসিস্ট্যান্ট, ফ্যামিলি ওয়েলফেয়ার অ্যাসিস্ট্যান্ট এবং সিএইচসিপি-দের নিয়ে একটি একক 'কম্বাইন্ড কমিউনিটি হেলথ ওয়ার্কার' কাঠামো তৈরি করা হচ্ছে। এরা প্রতি ২-৩ মাস পর পর প্রতিটি পরিবারের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা নিশ্চিত করবে। এছাড়া প্রতিটি ইউনিয়নে 'প্রাইমারি হেলথ কেয়ার ইউনিট' ও প্রয়োজনীয় হাব গঠন, ডিজিটাল স্বাস্থ্য কার্ড এবং সমন্বিত রেফারেল সিস্টেম চালুর মাধ্যমে রোগ প্রতিরোধের ওপর সবচেয়ে বেশি জোর দেওয়া হবে।" কর্মশালায় বিশেষ অতিথির বক্তব্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ড. প্রবাথ চন্দ্র বিশ্বাস বলেন, 'মাঠপর্যায়ের সকল প্রস্তাবনা ও সুপারিশসমূহ বাস্তবায়নে স্বাস্থ্য অধিদপ্তর প্রতিশ্রুতিবদ্ধ। সবাইকে সাথে নিয়ে প্রান্তিক পর্যায়ে স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে আমরা কাজ করছি।' তিনি তার বক্তব্যের শুরুতে জুলাই গণঅভ্যুত্থানের সকল শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক এডভোকেট বিলকিস আক্তার জাহান শিরিন এবং সভাপতি হিসেবে বরিশাল বিভাগের বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) ড. মো. রফিকুল ইসলাম উপস্থিত ছিলেন। কর্মশালায় বিভাগের বিভিন্ন উপজেলার স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাগণ মাঠপর্যায়ের নানা চিত্র ও চ্যালেঞ্জ তুলে ধরেন।

তীব্র লোডশেডিংয়ে নাকাল

মুলাদী, হিজলা ও মেহেন্দিগঞ্জ উপজেলায় লোডশেডিং সবচেয়ে বেশি হচ্ছে। সমিতির জেনারেল ম্যানেজার এ বি এম মিজানুর রহমান বলেন, তাদের আওতায় বরিশাল সদর, মুলাদী, হিজলা ও মেহেন্দিগঞ্জ এই চার উপজেলার মোট বিদ্যুতের চাহিদা প্রায় ৫৬ মেগাওয়াট। অথচ সরবরাহ পাওয়া যাচ্ছে ৪৬ মেগাওয়াটেরও কম। তিনি জানান, বিশেষ করে মুলাদী, হিজলা ও মেহেন্দিগঞ্জে সরবরাহকৃত বিদ্যুৎ স্থানীয় চাহিদা পূরণে পর্যাপ্ত নয়। ফলে এসব এলাকায় তুলনামূলক বেশি সময় লোডশেডিং করতে হচ্ছে। হিজলা উপজেলার বাসিন্দা আইয়ুব আলী বলেন, এক ঘণ্টা বিদ্যুৎ থাকে, এরপর আবার চলে যায়। পুরো রাতজুড়ে এই অবস্থা। কখন বিদ্যুৎ থাকবে, তার কোনো নিশ্চয়তা নেই। বরিশাল নগরীর বিভিন্ন এলাকায়ও ঘন ঘন বিদ্যুৎ বিভ্রাটে ক্ষোভ বাড়ছে। সিএন্ডবি রোড, সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ এলাকা, শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, রূপাতলী, আলেকান্দা, কালীবাড়ি, নথুল্লাবাদ, বিএম কলেজ, সদর রোড, চকবাজার, গির্জা মহল্লা, কাউনিয়া, বিসিক, আমানতগঞ্জ, নতুন বাজারসহ বিস্তীর্ণ এলাকায় সন্ধ্যার পর থেকেই দফায় দফায় বিদ্যুৎ বিচ্ছিন্ন হচ্ছে। ওজোপাডিকো-১ এর নির্বাহী প্রকৌশলী মনজুল কুমার স্বর্ণকার বলেন, আমাদের এলাকায় বিদ্যুতের চাহিদা ৬০ থেকে ৬২ মেগাওয়াট। কিন্তু সরবরাহ পাওয়া যাচ্ছে মাত্র ৩০ মেগাওয়াট। চাহিদার অর্ধেক বিদ্যুৎ দিয়ে নিরবচ্ছিন্ন সরবরাহ দেওয়া সম্ভব নয়। অন্যদিকে ওজোপাডিকো-২ এর উপবিভাগীয় প্রকৌশলী সাহেল রানা জানান, তাদের আওতায় পিক আওয়ারে ৮০ মেগাওয়াট বিদ্যুতের প্রয়োজন হলেও পাওয়া যাচ্ছে ৫০ মেগাওয়াট। তার ভাষায়, বর্তমানে প্রয়োজনের প্রায় ৬২ শতাংশ বিদ্যুৎ পাচ্ছি। বাকি ঘাটতি লোডশেডিংয়ের মাধ্যমেই সমন্বয় করতে হচ্ছে। বিদ্যুৎ বিভ্রাটের সবচেয়ে বড় প্রভাব পড়ছে শিশু, বয়স্ক ও অসুস্থ মানুষের ওপর। প্রচণ্ড গরমে বিদ্যুৎ না থাকায় ঘুমাতে পারছেন না অনেকে। বাসায় ছোট শিশু কিংবা অসুস্থ রোগী থাকলে দুর্ভোগ আরও বাড়ছে। একই সঙ্গে সন্ধ্যার পর ঘন ঘন বিদ্যুৎ চলে যাওয়ায় শিক্ষার্থীদের পড়াশোনাও ব্যাহত হচ্ছে। নগরীর জিয়া সড়ক এলাকার বাসিন্দা মাসুদ রানা বলেন, বিদ্যুতের বিল দিতে একদিন দেরি হলে নোটিশ আসে। অথচ আমরা নিয়মিত বিল দিয়েও ঠিকমতো বিদ্যুৎ পাই না। রাতে গরমে ঘুমাতে পারি না, সন্তানের পড়াশোনাও ব্যাহত হচ্ছে। সাগরদী এলাকার বাসিন্দা জসিম উদ্দিন বলেন, আইপিএস বসিয়েও লাভ হচ্ছে না। বিদ্যুৎ এত ঘন ঘন যায় যে ব্যাটারিই পুরো চার্জ হতে পারে না। ছোট শিশুকে নিয়ে এই পরিস্থিতি সত্যিই কষ্টকর। বিদ্যুৎ সংকটের প্রভাব পড়েছে ব্যবসা-বাণিজ্যেও। দীর্ঘ সময় বিদ্যুৎ না থাকায় ফ্রিজে সংরক্ষিত খাদ্যপণ্য নষ্ট হচ্ছে। আইসক্রিম, ঠান্ডা পানীয়, দুগ্ধজাত পণ্য ও অন্যান্য সংরক্ষণনির্ভর ব্যবসায়ীরা প্রতিদিন আর্থিক ক্ষতির মুখে পড়ছেন। পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর জেনারেল ম্যানেজার বিপুল কৃষ্ণ মণ্ডল জানান, বাবুগঞ্জ, বানারীপাড়া, উজিরপুর, গৌরনদী ও আগৈলঝাড়া উপজেলায় পরিস্থিতি তুলনামূলক ভালো। তার ভাষায়, এই এলাকাগুলোতে চাহিদা প্রায় ৫৬ মেগাওয়াট, আর সরবরাহ পাওয়া যাচ্ছে ৪৯ মেগাওয়াট। তাই অন্যান্য উপজেলার তুলনায় এখানে লোডশেডিং কিছুটা কম। বিদ্যুৎ বিভাগের কর্মকর্তারা বলছেন, জাতীয় গ্রিড থেকে বরিশালের জন্য বিদ্যুতের বরাদ্দ বৃদ্ধি না হলে এই সংকট দ্রুত কাটার সম্ভাবনা নেই। তবে সাধারণ মানুষের দাবি, অন্তত সন্ধ্যা ও রাতের সময় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা হোক। কারণ বিদ্যুতের অভাব এখন শুধু অস্বস্তির বিষয় নয়; এটি শিক্ষা, স্বাস্থ্য, ব্যবসা-বাণিজ্য এবং স্বাভাবিক জীবনযাত্রার ওপর সরাসরি প্রভাব ফেলছে। প্রতিদিনের এই দীর্ঘ লোডশেডিংয়ে বরিশালবাসীর প্রশ্ন একটাই, নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করার পরও যদি রাতভর অন্ধকারে থাকতে হয়, তবে এই সংকটের শেষ কবে?

দেশজুড়ে পাঁচ দিন

সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী ও রংপুর বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। একই সঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণের সম্ভাবনা রয়েছে। এদিন সারা দেশে দিন ও রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে। শনিবার (৮ আগস্ট) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রাজশাহী, ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে। এদিন দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। রোববার (৯ আগস্ট) রংপুর, রাজশাহী, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। একই সঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণের সম্ভাবনা রয়েছে। এদিন দিনের তাপমাত্রা সামান্য বাড়তে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। সোমবার (১০ আগস্ট) রংপুর, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণের সম্ভাবনা রয়েছে। এদিনও দিন ও রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে। মঙ্গলবার (১১ আগস্ট) রংপুর, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। একই সঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী বর্ষণ হতে পারে। এদিনও সারা দেশে দিন ও রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে। আবহাওয়া অধিদপ্তর আরও জানিয়েছে, বর্ধিত পাঁচ দিনের আবহাওয়ার অবস্থায় দেশে বৃষ্টিপাতের প্রবণতা আরও বাড়তে পারে।

টানা বর্ষণে বিপর্যস্ত বরিশাল-ঢাকা

এসব বাসস্ট্যান্ডের সড়কের মাঝখানে বড় গর্তের সৃষ্টি হয়েছে। যে কারণে চরম ঝুঁকির মধ্যে যানবাহন চলাচল করছে।বিপর্যস্ত এ মহাসড়কের গর্তের মধ্যে ইট দিয়ে গর্ত ভরাটের চেষ্টা করে যাচ্ছে সড়ক ও জনপদ বিভাগ। স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন, কয়েকদিনের টানা বর্ষণে জনজীবনের ন্যায় ঢাকা-বরিশাল মহাসড়ক বিপর্যস্ত হয়ে পড়েছে। সড়কের এমন কোন জায়গা নেই যেখানে ছোট-বড় গর্তের সৃষ্টি হয়নি। মহাসড়কের যেসব জায়গা প্রশস্ত করা হয়েছে। তা উঁচু-নিচু হওয়ায় যানবাহন চলাচল করতে পারছেনা। আবার কোথাও কোথাও সড়কের দুই পাশ কেটে ফেলে রাখা হয়েছে। সরু সড়কে অসংখ্য গর্তের পাশাপাশি চালকদের বেপরোয়াগতি এবং বিবেকহীন প্রতিযোগিতায় প্রতিদিনই দুর্ঘটনা ঘটছে। তারা আরও জানিয়েছেন, সড়ক ও জনপদ বিভাগ ইট দিয়ে গর্ত ভরাটের চেষ্টা করে যাচ্ছে। তবে ভারি যানবাহনের চাঁপায় ইট গুড়ো হয়ে ধুলোর সৃষ্টি হচ্ছে। এতে ছোট যানবাহনের চালক ও পথচারীরা মারাত্মক সমস্যার সম্মুখীন হচ্ছেন। স্থানীয়দের অভিযোগ দীর্ঘ বছর ধরে কর্তৃপক্ষের অবহেলায় মহাসড়কের গৌরনদী অংশের অবস্থা চরম বেহাল। একাধিক চালকরা জানিয়েছেন, মহাসড়কের গৌরনদী অংশের কোথাও খানাখন্দ আবার কোথাও ঢেউয়ের মত উঁচু-নিচু। ফলে উঁচু-নিচু এ মহাসড়ক পার হতে মালবাহী ও যাত্রীবাহী পরিবহনের চাকা গর্তে পড়ে ইঞ্জিন ও টায়ার-টিউব ক্ষতিগ্রস্ত হচ্ছে। পাশাপাশি যাত্রীদের চরম ভোগান্তি হচ্ছে। মহাসড়কের ক্ষতিগ্রস্ত এলাকা দ্রুত মেরামতের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি দাবী জানিয়েছেন চালকরা। এ বিষয়ে গৌরনদী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের ষ্টেশন অফিসার মো. মিজানুর রহমান বলেন, মহাসড়কের বিভিন্ন অংশে ছোট-বড় গর্তে ভরে গেছে। এছাড়াও মূল অংশের সঙ্গে বর্ধিত অংশ উঁচু-নিচু হওয়ায় কম প্রশস্ত সড়ক দিয়ে ওভার স্পীডে যানবাহনগুলো যাতায়ত করে। তাছাড়া মহাসড়ক দিয়ে চলাচলকারী থ্রি-হুইলারগুলো বর্ধিত অংশে না গিয়ে মূল সড়কে চলাচল করে। যে কারণে সড়কে দুর্ঘটনা লেগেই আছে। সড়কটি সম্পূর্ণ বর্ধিত করে মেরামত করা হলে এবং চালকদের সচেতন করে তোলা হলে এ মহাসড়কে দুর্ঘটনা কমে আসবে বলেও যোগ করেন তিনি। বরিশাল সড়ক ও জনপদ বিভাগের উপসহকারী প্রকৌশলী মো. শাহিন খান জানিয়েছেন, ভারি বর্ষার কারণে সড়কের কোথাও কোথাও গর্ত হয়েছে। সেগুলো আমরা মেরামতের করে যাচ্ছি। তবে বৃষ্টির কারণে তা টেকসই হচ্ছেনা।

হামের উপসর্গ নিয়ে আরও

হাসপাতালে ভর্তি হয়েছে ১ লাখ ১৬ হাজার ৮২২ জন। এর মধ্যে এখনও পর্যন্ত সুস্থ হয়ে ১ লাখ ১২ হাজার ৫২৫ জন হাসপাতাল ছেড়েছে। স্বাস্থ্য অধিদফতরের তথ্যমতে, চলতি বছরের ১৫ মার্চ থেকে শুক্রবার পর্যন্ত হামের উপসর্গ দেখা দিয়েছে ১ লাখ ৩৪ হাজার ৬৫৫ জনের। এ সময়ের মধ্যে হাম শনাক্ত হয়েছে ১৬ হাজার ৯৪১ জনের।

বাল্কহেডের ধাক্কায় সেতু ভেঙে খালে

করে। এতে পিলার বেঁকে যায় এবং সেতুর মাঝের অংশের কংক্রিটের স্ল্যাব (স্লিপার) ধসে খালের দিকে নেমে পড়ে। দুর্ঘটনার পর নিরাপত্তার স্বার্থে সেতু দিয়ে সব ধরনের যানবাহন ও মানুষের চলাচল বন্ধ করে দেয় স্থানীয় প্রশাসন। সরেজমিনে দেখা যায়, সেতুর মাঝখানের অংশ নিচে ধসে পড়ায় চরাদী, হলতা, সন্তোষদী, মকিমাবাদ ও দক্ষিণ চরাদীসহ অন্তত পাঁচটি গ্রামের যোগাযোগ কার্যত বিচ্ছিন্ন হয়ে পড়েছে। স্থানীয়রা জানান, প্রতিদিন প্রায় ২০ হাজার মানুষ এই সেতু ব্যবহার করে চরাদী বাজার, ইউনিয়ন পরিষদ, ভূমি অফিস এবং আশপাশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে যাতায়াত করেন। সেতু ক্ষতিগ্রস্ত হওয়ায় এখন তাদের দীর্ঘ বিকল্প পথ ঘুরে গন্তব্যে পৌঁছাতে হচ্ছে। এতে সময় ও যাতায়াত ব্যয় দুটোই বেড়ে গেছে। চরাদী গ্রামের বাসিন্দা কালাম হাওলাদার বলেন, এই সেতুটি আমাদের এলাকার মানুষের জীবনরেখা ছিল। বাল্কহেডের বেপরোয়া চলাচলের কারণেই আজ এমন দুর্ঘটনা ঘটেছে। দ্রুত সেতুটি মেরামত না হলে মানুষের দুর্ভোগ আরও বাড়বে। হলতা বাজারের ব্যবসায়ীরা জানান, সেতু ধসে পড়ার পর বাজারে ক্রেতাদের উপস্থিতি কমে গেছে। পণ্য পরিবহন ব্যাহত হওয়ায় ব্যবসা-বাণিজ্যেও নেতিবাচক প্রভাব পড়েছে। তারা দ্রুত সেতুটি সংস্কার অথবা নতুন সেতু নির্মাণের দাবি জানান। স্থানীয়দের অভিযোগ, দ্রুত বিকল্প যোগাযোগ ব্যবস্থা নিশ্চিত না করলে কয়েকটি গ্রামের শিক্ষা, স্বাস্থ্যসেবা, কৃষিকাজ এবং স্থানীয় অর্থনৈতিক কর্মকাণ্ড মারাত্মকভাবে ব্যাহত হবে। তাই তারা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের জরুরি হস্তক্ষেপ কামনা করেছেন। এ বিষয়ে বাকেরগঞ্জ উপজেলা এলজিইডির নির্বাহী প্রকৌশলী হাসনাইন আহমেদ বলেন, বাল্কহেডের ধাক্কায় সেতুর লোহার পিলার বেঁকে গিয়ে কংক্রিটের স্ল্যাব নিচে নেমে গেছে। ঘটনাস্থল পরিদর্শন করে ক্ষয়ক্ষতির পরিমাণ নির্ধারণ করা হবে। দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে সেতুটি মেরামত অথবা পুনর্নির্মাণের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হবে।

লঞ্চ-জাহাজের সংঘর্ষ, অল্পের জন্য

মুখোমুখি সংঘর্ষ হয়। এতে লঞ্চের সামনের অংশ ক্ষতিগ্রস্ত হয়। এ সময় লঞ্চের যাত্রীদের মধ্যে চরম আতঙ্ক ও উৎকণ্ঠা ছড়িয়ে পড়ে। এক যাত্রী আতঙ্কিত হয়ে নদীতে ঝাঁপ দেন। পরে লঞ্চের চালক ওই যাত্রীকে জীবিত উদ্ধার করেন। লঞ্চের যাত্রী মো. আমিনুল ইসলাম মল্লিক জানান, সংঘর্ষের পরপরই কোস্টার জাহাজটির নাবিক কৌশল অবলম্বন করে দ্রুত সেটি অন্যদিকে সরিয়ে নেন। এতে বড় ধরনের দুর্ঘটনা এড়ানো সম্ভব হয়েছে। পরে পরিস্থিতি স্বাভাবিক হলে যাত্রীদের নিয়ে লঞ্চটি বরিশালের উদ্দেশে যাত্রা শুরু করে। ঘটনার সত্যতা নিশ্চিত করে কালীগঞ্জ নৌ পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. এনামুল হক জানান, নৌযান দুটির সংঘর্ষের খবর পাওয়া গেছে। এতে হতাহতের কোনো ঘটনা ঘটেনি। তাৎক্ষণিকভাবে দুর্ঘটনার মূল কারণ এবং নৌযান দুটির সার্বিক ক্ষয়ক্ষতির পরিমাণ জানা যায়নি। বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় আইনি ব্যবস্থা নেওয়া হবে।

পরিত্যক্ত সাইক্লোন শেল্টার

মার্চে কাজ শেষ হওয়ার কথা থাকলেও ঠিকাদারি প্রতিষ্ঠান অর্ধেক কাজ সম্পন্ন করে প্রকল্পটি ফেলে চলে যায়। এ পর্যন্ত প্রায় ১ কোটি ২৫ লাখ টাকা উত্তোলন করা হলেও বাকি কাজ অসমাপ্ত রেখে ঠিকাদার লাপাত্তা হয়ে যায়। ফলে তিন বছর ধরে প্রকল্পটি অর্ধনির্মিত অবস্থায় পড়ে রয়েছে এবং এটি বর্তমানে ব্যবহার অনুপযোগী। পরিদর্শন শেষে কাজী রওনাকুল ইসলাম টিপু বলেন, প্রকল্পের কাজ শেষ না করেই ঠিকাদার চলে যাওয়ায় বিষয়টি গুরুত্বের সঙ্গে দেখা হচ্ছে। তিনি জানান, মাদ্রাসা কাম সাইক্লোন সেন্টারটি এলাকার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। দুর্যোগের সময় এটি আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হবে এবং স্বাভাবিক সময়ে কোমলমতি শিক্ষার্থীদের পাঠদানের কাজে ব্যবহৃত হবে। তিনি আরও বলেন, জনগণের কল্যাণে কাজ করাই বর্তমান সরকারের লক্ষ্য। নতুন টেন্ডারের মাধ্যমে দ্রুত সময়ের মধ্যে প্রকল্পটির অবশিষ্ট নির্মাণকাজ শুরু করে সম্পন্ন করা হবে। এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের সহকারী পরিচালক মো. মোস্তফা রায়হান, এমডির সহকারী আব্দুস ছালাম হাওলাদার, কাউখালী উপজেলা বিএনপির সভাপতি এস. এম. আহসান কবির এবং সাধারণ সম্পাদক এইচ. এম. দীন মোহাম্মদ।

মনপুরায় হাজার কোটি টাকার বেড়িবাঁধে

কোথাও বাঁধের বালু সরে গিয়ে বড় বড় গর্তের সৃষ্টি হয়েছে। ধসে পড়া বাঁধের বালুতে কয়েকটি কৃষকের আমন ধানক্ষেতও ক্ষতিগ্রস্ত হয়েছে। সর্বশেষ গত মঙ্গল ও বুধবার টানা বৃষ্টির পর হাজিরহাট ইউনিয়নের ২ ও ৩ নং ওয়ার্ডের পশ্চিম পাশের নির্মাণাধীন বেড়িবাঁধের একটি অংশ ধসে পড়ে। এতে এক কৃষকের আমন ধানের ক্ষেতের একটি বড় অংশ ধসে পড়া বালুতে নষ্ট হয়ে যায়। পানি উন্নয়ন বোর্ড (পাউবো) সূত্রে জানা গেছে, ২০২৩-২৪ অর্থবছরে 'ভোলা জেলার মুজিবনগর ও মনপুরা উপকূলীয় বাঁধ পুনর্বাসন, নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন ও তীর সংরক্ষণ' প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্পের আওতায় ৫০ দশমিক ৭০০ কিলোমিটার বাঁধ নির্মাণ ও সংশ্লিষ্ট কাজ করার কথা রয়েছে। এর জন্য ব্যয় ধরা হয়েছে প্রায় ১ হাজার ১৭০ কোটি টাকা। প্রকল্পের কাজ টেন্ডারের মাধ্যমে ছয়টি ঠিকাদারি প্রতিষ্ঠান পেয়েছে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, মূল ঠিকাদারি প্রতিষ্ঠানগুলো নিজেরা সরাসরি কাজ না করে সাবঠিকাদারের মাধ্যমে নির্মাণকাজ করাচ্ছে। ফলে কাজের মান নিয়ে প্রশ্ন উঠেছে। তাদের দাবি, মেঘনা নদী থেকে নিম্নমানের বালু এনে বাঁধ নির্মাণে ব্যবহার করায় বৃষ্টির পানিতে সহজেই বাঁধের মাটি ও বালু সরে যাচ্ছে। হাজিরহাট এলাকার সোনারচর ২ নং ওয়ার্ডের ক্ষতিগ্রস্ত কৃষক বাপ্পীসহ স্থানীয়রা বলেন, বাঁধ নির্মাণে নিম্নমানের বালু ব্যবহার করা হচ্ছে। সামান্য বৃষ্টিতেই বাঁধ ধসে পড়ছে। ধসে পড়া বালুতে তাদের আমন ক্ষেত ক্ষতিগ্রস্ত হয়েছে। স্থানীয় বাসিন্দা মেহেদী হাসান, ইলিয়াস, রাকিব ও বনি আমিন বলেন, নির্মাণাধীন বাঁধে বিভিন্ন স্থানে বড় বড় গর্ত তৈরি হওয়ায় দুর্ঘটনার আশঙ্কা রয়েছে। তারা জানান, গত বছর বাঁধ নির্মাণের অনিয়মের প্রতিবাদ করতে গিয়ে ছাত্রদল নেতা রাশেদ নিহত হন। একই বছর মনপুরা ইউনিয়নের রামনেওয়াজ এলাকায় নির্মাণাধীন বেড়িবাঁধের গর্তে পড়ে ১০ বছরের এক শিশু মারা যায় বলেও তারা দাবি করেন। তাদের আশঙ্কা, বাঁধ নির্মাণের কাজ শেষ হওয়ার আগেই যদি এভাবে ধস ও গর্ত তৈরি হয়, তাহলে ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস কিংবা নদীর প্রবল স্রোতের সময় বাঁধ বড় ধরনের ক্ষতির মুখে পড়তে পারে। এতে বিস্তীর্ণ এলাকা প্লাবিত হয়ে প্রাণহানি ও সম্পদের ব্যাপক ক্ষয়ক্ষতির আশঙ্কা রয়েছে। এদিকে ধসে পড়া অংশে ইতোমধ্যে ভেকু মেশিন দিয়ে মেরামতের কাজ চলছে বলে জানিয়েছেন সংশ্লিষ্ট ঠিকাদারি প্রতিষ্ঠানের প্রকৌশলী মো. তুহিন। তিনি বলেন, পাউবোর প্রকৌশলীদের তদারকির মধ্যেই নিয়ম মেনে কাজ করা হচ্ছে। পানি উন্নয়ন বোর্ডের ডিভিশন-২-এর নির্বাহী প্রকৌশলী মো. আসফাউদদৌলা বলেন, বেড়িবাঁধ নির্মাণকাজ এখনো শেষ হয়নি। অতিবৃষ্টির কারণে কয়েকটি স্থানে গর্ত ও ধসের সৃষ্টি হয়েছে। ক্ষতিগ্রস্ত অংশ দ্রুত মেরামতের জন্য ঠিকাদারি প্রতিষ্ঠানকে নির্দেশ দেওয়া হয়েছে। অল্প সময়ের মধ্যেই সংস্কারকাজ শুরু হবে। তবে বিপুল অর্থের এ প্রকল্পের কাজ শেষ হওয়ার আগেই বিভিন্ন স্থানে ধস ও গর্তের ঘটনায় নির্মাণকাজের মান, তদারকি এবং ব্যবহৃত উপকরণের মান নিয়ে স্থানীয়দের মধ্যে যে প্রশ্ন তৈরি হয়েছে, তা নিরপেক্ষভাবে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন উপকূলবাসী।

শিশুদের ওপর নেতিবাচক প্রভাব

অর্থ পরিশোধ করতে নির্দেশ দিয়েছেন নিউ মেক্সিকোর একটি আদালত। শুক্রবার (৭ আগস্ট) সংবাদমাধ্যম দ্য গার্ডিয়ানের এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। প্রতিবেদনে বলা হয়েছে, বৃহস্পতিবারের এই রায়টি একটি যুগান্তকারী মামলার দ্বিতীয় পর্বের অংশ হিসেবে এসেছে। মামলায় সামাজিক যোগাযোগমাধ্যমের এই বৃহৎ প্রতিষ্ঠানটি গত মার্চে হেরে যায়। সে সময় বিচারকরা এই সিদ্ধান্তে উপনীত হন যে, সংস্থাটি জেনেশুনে শিশুদের মানসিক স্বাস্থ্যের ক্ষতি করেছে এবং তাদের প্ল্যাটফর্মে শিশু যৌন শোষণ সম্পর্কে যা জানত, তা গোপন করেছে। বিচারকরা মামলায় সর্বোচ্চ শাস্তি হিসেবে ৩৭৫ মিলিয়ন ডলার জরিমানা আরোপ করেন। বৃহস্পতিবারের এই রায়ে সেই জরিমানার সঙ্গে আরও একটি জরিমানা যোগ করা হয়েছে। এর ফলে মেটার মোট জরিমানার পরিমাণ ৯৪২ মিলিয়ন ডলারে দাঁড়িয়েছে। বিচারক ব্রায়ান বিডশাইড বলেন, এই অর্থের সিংহভাগ, অর্থাৎ ৪২০ মিলিয়ন ডলার, নিউ মেক্সিকোর তরুণদের চিকিৎসাসেবার জন্য ব্যবহার করা হবে। বাকি অর্থ আগামী পাঁচ বছর ধরে সচেতনতা ও প্রতিরোধমূলক কার্যক্রম, স্ক্রিনিং-সেবা এবং অন্যান্য খাতে ব্যয় করা হবে। গত মার্চে দেওয়া রায়ের মাধ্যমে মেটাকে প্রথমবারের মতো তাদের প্ল্যাটফর্মে সংঘটিত কর্মকাণ্ডের জন্য দায়ী করা হয়। এর আগে ২০২৩ সালে দ্য গার্ডিয়ানের একটি অনুসন্ধানী প্রতিবেদন প্রকাশিত হয়েছিল। ওই প্রতিবেদনে তুলে ধরা হয়েছিল, কীভাবে ফেসবুক ও ইনস্টাগ্রাম শিশু যৌন পাচারের বাজারে পরিণত হয়েছে। মেটার বেশ কয়েকজন সাবেক মডারেটর দ্য গার্ডিয়ানকে জানিয়েছেন, এমন ঘটনাও ঘটেছে যেখানে তারা শিশু যৌন নির্যাতন-সম্পর্কিত ক্ষতিকর বিষয়বস্তু চিহ্নিত করলেও বিষয়গুলো উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে জানানো হয়নি। গত মে মাসে শুরু হওয়া মামলার দ্বিতীয় পর্বে প্রসিকিউটররা বিচারককে মেটায় মৌলিক পরিবর্তন আনার নির্দেশ দেওয়ার অনুরোধ করেছিলেন। এর মূল লক্ষ্য ছিল আসক্তি সৃষ্টিকারী বৈশিষ্ট্যগুলো নিয়ন্ত্রণ করা, বয়স যাচাই প্রক্রিয়া উন্নত করা এবং ডিফল্ট প্রাইভেসি সেটিংস ও নিবিড় তত্ত্বাবধানের মাধ্যমে শিশু যৌন শোষণ প্রতিরোধ করা। বিচারক আরও কিছু পরিবর্তনের নির্দেশ দিয়েছেন। এর মধ্যে ফেসবুক ও ইনস্টাগ্রামকে ব্যানার এবং তথ্যমূলক স্ক্রিন তৈরি করতে বলা হয়েছে, যাতে তাদের সুরক্ষা বৈশিষ্ট্য, সর্বোত্তম অনুশীলন এবং অনুপযুক্ত মন্তব্য মোকাবিলার সরঞ্জামগুলো স্পষ্টভাবে ব্যাখ্যা করা হয়। আদালত বলেছেন, ফেডারেল শিশু গোপনীয়তা আইন মেটাকে ১৩ বছরের কম বয়সী শিশুদের ক্ষেত্রে বয়স যাচাইয়ের সরঞ্জাম প্রয়োগ করা থেকে বিরত রেখেছে। আদালত আরও উল্লেখ করেছেন, শুধুমাত্র মেটার জন্য শিশুদের বয়স যাচাইয়ের নির্দেশ দেওয়া এবং অন্যান্য সামাজিক যোগাযোগমাধ্যম প্রতিষ্ঠানের ক্ষেত্রে তা প্রযোজ্য না করা সংস্থাটির জন্য 'অন্যায্য এবং অযাচিতভাবে ক্ষতিকর' হবে। এর পরিবর্তে আদালত মেটাকে নিউ মেক্সিকোতে তাদের বয়স-নিশ্চয়তা সরঞ্জামের উন্নয়ন অব্যাহত রাখার নির্দেশ দিয়েছেন। নিউ মেক্সিকোর অ্যাটর্নি জেনারেল রাউল তোরেজ এই রায়কে স্বাগত জানিয়েছেন। এক বিবৃতিতে তিনি বলেন, এই মামলার মূল উদ্দেশ্য ছিল শিশুদের সুরক্ষা দেওয়া এবং পরিবারগুলোর পাশে দাঁড়ানো। পাশাপাশি বিশ্বের অন্যতম বৃহৎ একটি প্রযুক্তি প্রতিষ্ঠান যেন কোনো ধরনের পরিণতি ছাড়াই তরুণদের বিপন্নকারী কর্মকাণ্ড থেকে মুনাফা অর্জন করতে না পারে, তা নিশ্চিত করাও এর লক্ষ্য ছিল।' বৃহস্পতিবার দ্য গার্ডিয়ানকে দেওয়া এক বিবৃতিতে মেটার একজন মুখপাত্র জানান, কোম্পানিটি 'এই রায়ের সঙ্গে দ্বিমত পোষণ করে'। তারা অবিলম্বে এ রায়ের বিরুদ্ধে আপিল করার পরিকল্পনা করছে।

প্রতিরক্ষা চুক্তি করতে যাচ্ছে

সামরিক বাহিনী ও সরকারের ঘনিষ্ঠ একাধিক সূত্রের বরাতে এ তথ্য জানিয়েছে বার্তা সংস্থা এএফপি। সৌদি আরব, তুরস্ক ও পাকিস্তানের মধ্যে এই যৌথ প্রতিরক্ষা চুক্তি নিয়ে দীর্ঘদিন ধরেই আলোচনা চলছিল। তবে সাম্প্রতিক সময়ে আঞ্চলিক নিরাপত্তা পরিস্থিতির আরও অবনতি হওয়ায় চুক্তিটি দ্রুত বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হয়েছে বলে নাম প্রকাশে অনিচ্ছুক একটি নির্ভরযোগ্য সূত্র জানিয়েছে। সৌদি সরকারের ঘনিষ্ঠ আরও একটি সূত্রও নিশ্চিত করেছে, শুক্রবারই ত্রিপাক্ষিক এই চুক্তি সই হবে। সামরিক ও কূটনৈতিক সংবেদনশীলতার কারণে ওই সূত্রও নিজের পরিচয় প্রকাশ করেনি। চুক্তি সইয়ের পাশাপাশি জেদ্দায় সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমানের সঙ্গে বৈঠকে বসবেন তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়্যেপ এরদোয়ান এবং পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ। বৈঠকে আঞ্চলিক নিরাপত্তা, প্রতিরক্ষা সহযোগিতা এবং মধ্যপ্রাচ্যের সর্বশেষ পরিস্থিতি নিয়ে আলোচনা হওয়ার কথা রয়েছে। পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ ও দেশটির সেনাপ্রধান ফিল্ড মার্শাল আসিম মুনির বৃহস্পতিবার সৌদি আরবে পৌঁছেছেন। তারা আগামী শনিবার (৯ আগস্ট) পর্যন্ত দেশটিতে অবস্থান করবেন। অন্যদিকে তুরস্কের প্রেসিডেন্ট এরদোয়ানের শুক্রবার জেদ্দায় পৌঁছানোর কথা রয়েছে। তুর্কি প্রেসিডেন্টের কার্যালয় জানিয়েছে, ওই দিনই শীর্ষ পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হবে। পাকিস্তানের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, ৬ থেকে ৮ আগস্ট পর্যন্ত এই সফর অনুষ্ঠিত হচ্ছে। মন্ত্রণালয়ের মুখপাত্র তাহির আন্দ্রাবি বলেন, উপসাগরীয় অঞ্চলের বর্তমান উত্তেজনাপূর্ণ পরিস্থিতির মধ্যে এই সফর হলেও এর গুরুত্ব কেবল সাময়িক সংকট মোকাবিলার মধ্যে সীমাবদ্ধ নয়; বরং এটি দীর্ঘমেয়াদি আঞ্চলিক সহযোগিতার অংশ। বর্তমানে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যকার চলমান যুদ্ধের কারণে মধ্যপ্রাচ্যে নিরাপত্তা পরিস্থিতি আরও জটিল হয়ে উঠেছে। এই সংঘাতের প্রভাব পারস্য উপসাগরীয় দেশগুলোতেও পড়েছে। একই সঙ্গে হরমুজ প্রণালি ও লোহিত সাগরের মতো গুরুত্বপূর্ণ নৌপথে জাহাজ চলাচলও মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। এদিকে, যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে সংঘাত নিরসনে পাকিস্তান মধ্যস্থতার চেষ্টা চালিয়ে যাচ্ছে। একই সঙ্গে কূটনৈতিক উদ্যোগ অব্যাহত রেখেছে তুরস্কও। এই প্রেক্ষাপটে সৌদি আরব, তুরস্ক ও পাকিস্তানের প্রতিরক্ষা সহযোগিতা নতুন মাত্রা পেতে যাচ্ছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

গ্রিস উপকূল থেকে দুই

যাচাই-বাছাই শুরু করা হয়। এর মাত্র কয়েক ঘণ্টা আগেই আরো দুটি নৌকায় অন্তত ১১২ জন অভিবাসী ক্রিট দ্বীপে পৌঁছান। এরমধ্যে ৭২ বাংলাদেশি, সুদানের ৩১ জন ও ৯ মিসরীয় ছিলেন। ডিমোক্রেটিয়ার খবরে বলা হয়, ক্রিট দ্বীপে অভিবাসীদের আগমন হঠাৎ বেড়ে যাওয়ায় সবাইকে হেরাক্লিয়ন বন্দরের একটি অস্থায়ী আশ্রয় কেন্দ্রে স্থানান্তর করা হয়েছে। এদিকে পৃথকভাবে বিবৃতিতে গ্রিস কর্তৃপক্ষ দক্ষিণ সুদানের নাগরিকত্ব থাকা ১৬ বছরের এক কিশোরকে গ্রেপ্তারের কথা বলেছে। তারা বলছে, ইয়েরাপেত্রার ২৮.৫ নটিক্যাল মাইল দক্ষিণ-পশ্চিমে আগের একটি অভিযানে উদ্ধার হওয়া ৫০ জন অভিবাসীকে পাচারের সঙ্গে ওই কিশোর জড়িত বলে সন্দেহ করা হচ্ছে। উদ্ধার হওয়া অভিভাবাসীদের বক্তব্য অনুযায়ী, জনপ্রতি ১৫০০ থেকে ২০০০ মার্কিন ডলারের বিনিময়ে ওই কিশোর নৌকার চালক হিসেবে তাদের লিবিয়ার তোব্রুক শহর থেকে ক্রিট পর্যন্ত নিয়ে এসেছিল।

ঘুষের টাকা ফেরত দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে

প্রত্যেকের টাকা ফেরত দিয়ে যাব। কারও এক টাকাও রাখব না। সবার ঝামেলা শেষ করেই এখান থেকে যাব।' ভুক্তভোগী জেলে ইলিয়াস পাটোয়ারি জানান, নির্দিষ্ট এলাকায় মাছ ধরার প্রত্যয়ন দেওয়ার কথা বলে তাঁর কাছ থেকে এক লাখ টাকা নেওয়া হয়। চুক্তি অনুযায়ী প্রত্যয়ন না পাওয়ায় তিনিসহ আরও কয়েকজন গত ২২ জুলাই রাতে অভিযুক্ত কর্মকর্তার কার্যালয়ে গিয়ে টাকা ফেরত চান। তখন তাঁর সঙ্গে আর্থিক লেনদেনসংক্রান্ত আলোচনার বিষয়বস্তু গোপনে মুঠোফোনে ধারণ করেন। সোয়েব খানের স্থলাভিষিক্ত কর্মকর্তা জহির উদ্দিন বলেন, তিনি যোগদানের পর স্থানীয় কয়েকজন ব্যক্তির সঙ্গে সোয়েব খানের আর্থিক লেনদেন নিয়ে আলোচনা হয়েছে। এরপর তিনি যথাযথভাবে দায়িত্ব হস্তান্তর না করেই কর্মস্থল ত্যাগ করেছেন। তিনি কবে গেছেন, সেটি তিনি জানেন না। জহির উদ্দিন বলেন, সোয়েব খান চলে যাওয়ার পর টাকা ফেরত পাওয়ার আশায় অনেকে প্রতিনিয়ত তাঁর (জহির) সঙ্গে যোগাযোগ করছেন। বন বিভাগ ও ভুক্তভোগী ব্যক্তিদের সঙ্গে কথা বলে জানা গেছে, বঙ্গোপসাগর-সংলগ্ন এলাকায় মাছ ধরার জন্য স্থানীয় বন বিভাগ থেকে নৌকা ও ট্রলারের মালিকদের প্রত্যয়ন নিতে হয়। ৫০ ফুট দৈর্ঘ্য, ৬ ফুট প্রস্থ, ৪ থেকে ৬ ফুট গভীরতা ও ৫২০ মণ ধারণক্ষমতাসম্পন্ন একটি ইঞ্জিনচালিত ট্রলারের খরচি জাল দিয়ে মাছ ধরার প্রত্যয়ন নিতে সরকার নির্ধারিত রাজস্ব বাবদ ৫৭৫ টাকা জমা দেওয়ার বিধান আছে। কিন্তু নদী ও খালে মাছ ধরা এবং চর থেকে গরু-মহিষের খাদ্য সংগ্রহের (ঘাস কাটা) প্রত্যয়ন দেওয়ার কথা বলে জনপ্রতি ২৫ হাজার টাকা থেকে চার লাখ টাকা পর্যন্ত নিয়েছেন ওই কর্মকর্তা। মৌডুবী ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সভাপতি তানবীন বিশ্বাস অভিযোগ করে বলেন, প্রত্যয়ন দেওয়ার কথা বলে তাঁর কাছ থেকে ৮৬ হাজার টাকা নেওয়ার পরও কোনো প্রত্যয়ন দেওয়া হয়নি। পরে অভিযুক্ত বন কর্মকর্তা টাকা ফেরত দেওয়ার নামে নানা টালবাহানা শুরু করলে তিনি তাঁর ভিডিও স্বীকারোক্তি নেন। এরপর ২৫ জুলাই রাঙ্গাবালী উপজেলা যুবদলের সদস্যসচিব নিয়াজ আকনের মাধ্যমে তাঁকে ৪০ হাজার টাকা ফেরত দেওয়া হয়। একইভাবে স্থানীয় অন্তত ৩০ জন টাকা দেওয়ার অভিযোগ করেছেন। স্থানীয় ইউপি সদস্য মো. মহাসীন উদ্দিন ভুঁইয়ার কাছ থেকেও এক লাখ টাকা নেওয়া হয়েছে বলে তিনি অভিযোগ করেছেন। তিনি বলেন, ২৩ জুলাই রাঙ্গাবালীতে যোগদান করা রেঞ্জ কর্মকর্তা আমীর হোসেন এলাকায় গেলে তিনিসহ অন্য ভুক্তভোগীরা তাঁর কাছে অভিযোগ করেন। এ সময় ওই কর্মকর্তা একটি কাগজে ভুক্তভোগী ব্যক্তিদের পরিচয় ও পাওনা টাকার বিবরণ লিখে স্বাক্ষর নেন। অভিযুক্ত বন কর্মকর্তা সোয়েব খান মুঠোফোনে বলেন, 'বদলি হওয়ায় অহেতুক কিছু অভিযোগ করা হচ্ছে। তবে অধিকাংশ বিষয় সমাধান করেছি।' পরে হোয়াটসঅ্যাপে বিস্তারিত কথা বলবেন জানিয়ে তিনি ফোনের সংযোগ বিচ্ছিন্ন করে দেন। এরপর একাধিকবার কল দিলেও তিনি সাড়া দেননি। যোগাযোগ করলে বন বিভাগের রাঙ্গাবালী উপজেলার রেঞ্জ কর্মকর্তা আমীর হোসেন বলেন, 'আমি ২২ জুলাই রাঙ্গাবালীতে যোগদান করি। পরদিন মৌডুবী এলাকা পরিদর্শনে গেলে স্থানীয় ব্যক্তিরা সোয়েব খানের বিরুদ্ধে ঘুষ নেওয়ার মৌখিক অভিযোগ করেন। তবে কাগজে ভুক্তভোগী ব্যক্তিদের পরিচয় ও টাকার পরিমাণ উল্লেখ করে আমি কোনো স্বাক্ষর নিইনি।' এ বিষয়ে জানতে পটুয়াখালীর বিভাগীয় বন কর্মকর্তা মো. জাহিদুর রহমান মিয়ার মুঠোফোন নম্বরে একাধিকবার কল দিলেও তিনি সাড়া দেননি।

কাজিরহাটে একই পরিবারের

গ্রামে এই ঘটনা ঘটে। এই ঘটনায় কাজিরহাট থানায় ৫ জনের নাম উল্লেখ করে এবং অজ্ঞাত ২-৩ জনকে অজ্ঞাত করে আহত মো. হানিফ গাজী বাদী হয়ে মামলা করেছেন। মামলার এজহার সূত্রে জানা গেছে, কাজিরহাট থানার পূর্ব রতনপুর গ্রামের বাসিন্দা হানিফ গাজীর সাথে প্রতিবেশি স্বজন বাশার খা ও জুয়েল খা গংদের সাথে দীর্ঘদিন যাবত জমি-জমা সংক্রান্ত বিরোধ চলে আসছে। বাশার খা ও জুয়েল খা সহ তাদের আত্মীয় স্বজনরা স্থানীয়ভাবে সন্ত্রাসী প্রকৃতির। ঘটনার দিন গত ১ আগষ্ট দুপুর সাড়ে ১২টার দিকে মামলার বাদী হানিফ গাজী বাড়ীর সামনে তার ভোগদখলীয় জমিতে কাজ করছিলেন। এসময় মামলার আসামী একই গ্রামের মো. বশার খা, মো. জুয়েল খা, মো. নওয়াব আলী খা, মোসা. রোকসানা বেগম ও মো. হাবিব খা সহ বেশ কয়েকজন পূর্ব পরিকল্পিতভাবে লোহার রড, হাতুরি ও লাঠিসোটাসহ বিভিন্ন দেশীয় অস্ত্রশস্ত্র নিয়ে বাদী হানিফ গাজীর ওপর হামলা চালায়। এসময় তার ডাকচিৎকার শুনে বাড়ী থেকে তার পুত্রবধূ পলি বেগম, নুপুর বেগম এবং তার ছেলে সোহেল গাজী ছুটে আসলে তাদের ওপর হামলা চালায় আসামীরা। এতে দুই পুত্রবধূ ও ছেলে গুরুতর আহত হয়। তাদের মধ্যে পলি বেগমের হাত ভেঙ্গে দেয় এবং সোহেল গাজী ও নুপুর বেগমকে পিটিয়ে শরীরের বিভিন্ন স্থানে জখম করা হয়। ঘটনা শুনে আশপাশের লোকজন ছুটে এসে তাদের উদ্ধার করে হাসপাতালে প্রেরণ করেন। এই ঘটনায় ২ আগষ্ট হানিফ গাজী বাদী হয়ে হামলাকারী ৫ জনকে আসামী করে কাজিরহাট থানায় মামলা দায়ের করেন। কাজিরহাট থানার ওসি (তদন্ত) মো. কামাল হোসেন সিকদার জানান, খবর শুনে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন এবং হাসপাতালে আহতদের জবানবন্ধি গ্রহন করেছে। পরবর্তীতে লিখিত অভিযোগ পেয়ে সেটি মামলা হিসেবে রেকর্ড করা হয়েছে। আসামীদের গ্রেপ্তারে পুলিশের অভিযান চলছে বলে জানান পুলিশ কর্মকর্তা।

লাল ফিতা কেটে বাঁশের সাঁকো

পৌরসভার ৮ নম্বর ওয়ার্ডে 'টেক ব্যাক বাংলাদেশ' কর্মসূচির আওতায় স্থানীয় বাসিন্দাদের অর্থায়নে প্রায় ২০০ ফুট দীর্ঘ সাঁকোটি নির্মাণ করা হয়। বাঁশ ও সুপারি গাছ দিয়ে তৈরি এ সাঁকোটি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন মোঃ শহিদুল ইসলাম খান। উদ্বোধনী অনুষ্ঠানে লাল ফিতা কেটে সাঁকোর কার্যক্রম শুরু করা হয়। এ সময় স্থানীয়রা বেলুন ও ফুল নিয়ে উপস্থিত ছিলেন, যা পুরো আয়োজনকে উৎসবমুখর করে তোলে। সংশ্লিষ্টরা জানান, শহিদুল ইসলাম খানের প্রচেষ্টায় সাঁকোটি নির্মাণ সম্ভব হয়েছে, যা এলাকার মানুষের চলাচলে সাময়িক সুবিধা দেবে। তবে এই উদ্যোগকে ঘিরে সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক সমালোচনা শুরু হয়েছে। অনেকেই এটিকে 'উন্নয়নের নামে লোক দেখানো' উদ্যোগ হিসেবে আখ্যা দিয়েছেন। আবার কেউ কেউ প্রশ্ন তুলেছেন- এ ধরনের অস্থায়ী কাঠামো দিয়ে স্থানীয় যোগাযোগ সমস্যার স্থায়ী সমাধান সম্ভব কি না। সাঁকোর উদ্বোধনের ছবি ও ভিডিও ছড়িয়ে পড়ার পর অনলাইনে ব্যাপক আলোচনা শুরু হয়। বিভিন্ন মহল থেকে এ উদ্যোগের যৌক্তিকতা ও কার্যকারিতা নিয়ে প্রশ্ন উঠেছে। এ বিষয়ে এখনো পৌর বিএনপির সভাপতি মোঃ শহিদুল ইসলাম খানের কোনো বক্তব্য পাওয়া যায়নি।

বাউফলে খাল পরিষ্কার অভিযান

অপরিষ্কার থাকায় অতিবৃষ্টির পানি নিষ্কাশন ব্যাহত হচ্ছিল। ফলে ৪ নম্বর ওয়ার্ডের কলতা ও ঝিলনা গ্রাম এবং ৫ নম্বর ওয়ার্ডের হোগলা ও কুম্ভখালী গ্রামের বিস্তীর্ণ এলাকায় জলাবদ্ধতা সৃষ্টি হয়। এতে কৃষকদের বীজতলা নষ্ট হয়ে যায় এবং তারা জমিতে চাষাবাদ করতে পারছিলেন না। স্থানীয় কৃষক সবুজ মল্লিক বলেছেন, আমরা দীর্ঘদিন ধরে জলাবদ্ধতার মধ্যে আছি। এ কারণে বীজতলা করা সম্ভব হচ্ছিল না। অনেক কষ্ট ও ভোগান্তির মধ্যে দিন কাটাতে হচ্ছে। আমরা স্থানীয়রা বিষয়টি ইব্রাহীম ভাইকে জানাই। তিনি দ্রুত খালটি পরিষ্কারের উদ্যোগ নেন। এতে আমরা কৃষকরা অনেক খুশি। উদ্যোক্তা সমাজসেবক ইব্রাহীম হাওলাদার বলেছেন, কৃষকদের দুর্ভোগ লাঘব এবং পানি নিষ্কাশন ব্যবস্থা সচল রাখতে এই উদ্যোগ নেওয়া হয়েছে। খালটি পরিষ্কার হলে জলাবদ্ধতা কমবে, কৃষিজমিতে সহজে পানি নামবে এবং কৃষকরা পুনরায় চাষাবাদ করতে পারবেন। এলাকাবাসী জানিয়েছেন, খালটি পরিষ্কার হওয়ায় চার গ্রামের কৃষক সরাসরি উপকৃত হবেন। তারা ভবিষ্যতেও এ ধরনের জনকল্যাণমূলক উদ্যোগ অব্যাহত থাকবে বলে আশা প্রকাশ করেন।

হিজলায় পুকুরে ডুবে

করে হিজলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। শিশুটির খালু মো. মোস্তফা কামাল জানান, এ ঘটনায় পরিবারের পক্ষ থেকে কারও বিরুদ্ধে কোনো অভিযোগ নেই। হিজলা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. সোলায়মান ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে শিশুটির মরদেহের প্রাথমিক সুরতহাল করেছে। এ ঘটনায় থানায় একটি অপমৃত্যুর মামলা হয়েছে। পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ না থাকায় মরদেহ দাফনের জন্য স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে।

রাজকীয় দামে বিক্রি

বড় ইলিশ 'রাজা ইলিশ' নামে পরিচিত। বকশী মৎস্য ঘাট সূত্রে জানা গেছে, নাসির মাঝি ও তার সঙ্গীরা মেঘনা নদী ও বঙ্গোপসাগরের মোহনায় শিবচর সংলগ্ন জলসীমায় জাল ফেললে বৃহস্পতিবারে (৬ আগস্ট) বিকেলের দিকে অন্যান্য মাছের সঙ্গে বিশালাকার এই ইলিশটি ধরা পড়ে। পরবর্তীতে শুক্রবার (৭ আগস্ট) সকালে জেলেরা মাছটি বকশী মৎস্য ঘাটের সাজ মৎস্য আড়তে নিয়ে আসেন। ঘাটের ব্যবসায়ী মাহফুজ পরশ বলেন, ঘাটের ব্যাপারী ও পাইকারদের সামনে হাকডাকে নিলামে তোলা হলে সর্বোচ্চ দরদাতা হিসেবে আড়তদার মো.আকবর ১৪ হাজার টাকায় মাছটি কিনে নেন। ?মৎস্য ব্যবসায়ী আকবর বলেন, ঢাকার পাইকারি বাজারে বড় সাইজের ইলিশ মাছের ব্যাপক চাহিদা। আকবর আরও বলেন, মাছটি আমরা অন্যান্য ইলিশের ঝুরির সঙ্গে ঢাকায় চালান করব। ঢাকায় আরও ভালো লাভে বিক্রি হবে। বর্তমানে ইলিশের সরবরাহ একটু কম থাকায় বাজারে সব ধরনের মাছের দাম একটু বেশি।

সোনার গহনার দাম ভরিতে

করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এর আগে (৬ আগস্ট) ভালো মানের এক ভরি সোনার গহনার দাম বাড়ানো হয় ৯ হাজার ৮৫৬ টাকা। এই দাম বাড়ানোর ২৪ ঘণ্টার ব্যবধানে এখন দাম কমানো হলো। এখন ভ্যাটসহ সবচেয়ে ভালো মানের বা ২২ ক্যারেটের প্রতি ভরি সোনার গহনার দাম ৩ হাজার ২৬৬ টাকা কমিয়ে নির্ধারণ করা হয়েছে ২ লাখ ২৯ হাজার ৬৬৪ টাকা। ২১ ক্যারেটের এক ভরি সোনার গহনার দাম ৩ হাজার ১৪৯ টাকা কমিয়ে নির্ধারণ করা হয়েছে ২ লাখ ১৯ হাজার ৩৪২ টাকা। এছাড়া ১৮ ক্যারেটের এক ভরি সোনার গহনার দাম ২ হাজার ৬৮২ টাকা কমিয়ে নির্ধারণ করা হয়েছে ১ লাখ ৮৮ হাজার ৩৭৪ টাকা। আর সনাতন পদ্ধতির প্রতি ভরি সোনার গহনার দাম ২ হাজার ২১৬ টাকা কমিয়ে নির্ধারণ করা হয়েছে ১ লাখ ৫৩ হাজার ৮৪৮ টাকা। বৃহস্পতিবার সকাল ১০টা থেকে ভ্যাটসহ সবচেয়ে ভালো মানের বা ২২ ক্যারেটের প্রতি ভরি সোনার গহনার দাম ৯ হাজার ৮৫৬ টাকা বাড়িয়ে নির্ধারণ করা হয় ২ লাখ ৩২ হাজার ৯৩০ টাকা। ২১ ক্যারেটের এক ভরি সোনার গহনার দাম ৯ হাজার ৪৪৮ টাকা বাড়িয়ে নির্ধারণ করা হয় ২ লাখ ২২ হাজার ৪৯১ টাকা। এছাড়া ১৮ ক্যারেটের এক ভরি সোনার গহনার দাম ৮ হাজার ১০৬ টাকা বাড়িয়ে নির্ধারণ করা হয় ১ লাখ ৯১ হাজার ৫৬ টাকা। আর সনাতন পদ্ধতির প্রতি ভরি সোনার গহনার দাম ৬ হাজার ৫৯০ টাকা বাড়িয়ে নির্ধারণ করা হয় ১ লাখ ৫৬ হাজার ৬৪ টাকা। শুক্রবার সকাল ৯টা ৫৯ মিনিট পর্যন্ত এই দামেই সোনার গহনা বিক্রি হয়। সোনার গহনার দাম কমানো হলেও রুপার গহনার দাম অপরিবর্তিত রয়েছে। ভ্যাটসহ ২২ ক্যারেটের এক ভরি রুপার গহনার দাম নির্ধারণ করা হয়েছে ৪ হাজার ৮৯৯ টাকা। এছাড়া ২১ ক্যারেটের এক ভরি রুপার গহনার দাম ৪ হাজার ৬৬৬ টাকা, ১৮ ক্যারেটের এক ভরি রুপার গহনার দাম ৪ হাজার ২৪ টাকা এবং সনাতন পদ্ধতির এক ভরি রুপার গহনার দাম ৩ হাজার ৩৩ টাকা নির্ধারণ করা হয়েছে।

চোরাই মহিষসহ আন্তঃজেলা

২টা ৪১ মিনিটের দিকে ভান্ডারিয়া থানায় রাত্রিকালীন দায়িত্ব পালনরত পুলিশের দুটি ভ্রাম্যমাণ (মোবাইল টিম) দল যৌথভাবে তল্লাশি চালাচ্ছিল। এ সময় সন্দেহজনক একটি হলুদ রঙের মিনি ট্রাক চেকপোস্টের সংকেত অমান্য করে দ্রুতবেগে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। পুলিশ তাৎক্ষণিকভাবে ধাওয়া করে ভান্ডারিয়া থানাধীন বড় কানুয়া গ্রামের বটতলা নামক এলাকা থেকে ট্রাকটিকে আটকে সক্ষম হয়। পরে ট্রাকে তল্লাশি চালিয়ে ঝালকাঠি জেলার কাঁঠালিয়া থানা এলাকা থেকে চুরি করে আনা ওই চারটি মহিষ উদ্ধার করা হয়। গ্রেফতার হওয়া ডাকাত দলের সদস্য কামরুল হাওলাদার পিরোজপুর জেলার ভান্ডারিয়া উপজেলার উত্তর ভিটাবাড়িয়া গ্রামের মৃত সুলতান হাওলাদারের ছেলে। পুলিশের প্রাথমিক অনুসন্ধানে জানা যায়, গ্রেফতার কামরুলের বিরুদ্ধে বিভিন্ন থানায় গুরুতর অপরাধের দীর্ঘ তালিকা রয়েছে। ডাকাতির ৮টি, দস্যুতার ৩টি এবং চুরির ৪টিসহ তার বিরুদ্ধে সর্বমোট ১৫টি মামলা রয়েছে। ভান্ডারিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) দেওয়ান জগলুল হাসান মহিষ উদ্ধারের বিষয়টি নিশ্চিত করে বলেন, কাঁঠালিয়া থেকে চারটি মহিষ চুরি করে আসামি কামরুল ট্রাকযোগে ভান্ডারিয়া অতিক্রম করছিলেন। এ সময় টহলরত পুলিশ সদস্যরা মহিষসহ ট্রাকটি আটক করে। পরে কাঁঠালিয়া থানার পুলিশের সঙ্গে যোগাযোগ করে গ্রেফতার ডাকাত সর্দার, উদ্ধার হওয়া চারটি মহিষ ও মিনি ট্রাকটি তাদের কাছে হস্তান্তর করা হয়েছে। জানা গেছে, মহিষ চুরির এ ঘটনায় ঝালকাঠির কাঁঠালিয়া থানায় ইতোমধ্যে একটি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে।

দেশে বারবার রক্তক্ষয়ী

প্রতিটি পরিবর্তনের পর এমন লোকদের হাতে ক্ষমতা এসেছে, তারাও আগের বন্দোবস্তে, আগের নিয়মে দেশ পরিচালনা করেছেন। জুলাই গণঅভ্যুত্থানের পরও একই ধরনের পরিস্থিতির পুনরাবৃত্তি হয়েছে। আগামীতে এটা আর হতে দেওয়া হবে না। সেজন্য দেশের সব স্তরের ক্ষমতা পরিশুদ্ধ আত্মা ও শুদ্ধ চিন্তাধারার মানুষের হাতে নিতে হবে। তারই ধারাবাহিকতায় ঢাকা মহানগর দক্ষিণ তৃণমূলের প্রতিটি ক্ষমতার কেন্দ্র আপনাদের আয়ত্তে নিতে হবে। তাহলে এদেশের মানুষের হাজার বছরের আকাঙ্ক্ষিত শান্তি ও মুক্তি নিশ্চিত হবে।' শুক্রবার (৭ আগস্ট) রাজধানীর পুরানা পল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে ঢাকা মহানগর দক্ষিণের শপথগ্রহণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে দক্ষিণের দায়িত্বপ্রাপ্ত নেতাদের উদ্দেশে তিনি এসব কথা বলেন। দলের কেন্দ্রীয় মিডিয়া সেলের প্রধান সমন্বয়ক কে এম শরিয়াতুল্লাহ এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান। ঢাকা মহানগর দক্ষিণের সভাপতি ও দলের সহকারী মহাসচিব মাওলানা শেখ ফজলুল করীম মারুফের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ নির্দেশনা দেন দলের মহাসচিব মাওলানা গাজী আতাউর রহমান, সহকারী মহাসচিব ও ঢাকা মহানগর দক্ষিণের সাবেক সভাপতি মাওলানা আহমদ আবদুল কাইয়ুম এবং ঢাকা বিভাগীয় সাংগঠনিক সম্পাদক মাওলানা আরিফুল ইসলাম। বিশেষ নির্দেশনায় মহাসচিব আতাউর রহমান বলেন, আসন্ন সিটি করপোরেশন নির্বাচনে ইসলামী আন্দোলন বাংলাদেশ সর্বাত্মক নির্বাচন করবে। সেজন্য প্রতিটি ওয়ার্ডে প্রস্তুতি নিতে হবে। সমাজের সঙ্গে মিশে যেতে হবে, মানুষের আশা-আকাঙ্ক্ষার কেন্দ্র হয়ে উঠতে হবে, অন্যায়ের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে হবে।

শেকড় সাহিত্য সংসদের উদ্যোগে

আজিজ শাহিন। উক্ত অনুষ্ঠানে বক্তারা জুলাইয়ের কবিতা পাঠ, স্মৃতি চারণ এবং জুলাই গণঅভ্যুত্থান ও পরবর্তী বাংলাদেশ বিনির্মানে কার্যকরী পদক্ষেপ গ্রহণ নিয়ে আলোচনা করেন। তারা আরও বলেন, ফ্যাসিবাদ মানুষের স্বাধীনতা, গণতন্ত্র ও মৌলিক অধিকার খর্ব করে একটি স্বৈরাচারী সমাজ ব্যবস্হা তৈরি করে। ২০২৪ এর জুলাই গণঅভ্যুত্থান ছাত্রদের আন্দোলন দ্বারা শুরু হলেও এটা ছিলো সারাদেশের সকল শ্রেণির মানুষের ফ্যাসিবাদী শাসন ও চরম মানবাধিকার লঙ্ঘনের বিরুদ্ধে দীর্ঘদিনের পুঞ্জীভূত ক্ষোভের এক ঐতিহাসিক বহিঃপ্রকাশ। বক্তারা আরও বলেন, স্বৈরাচার সরকার পালিয়ে গেলেও বর্তমানে স্বৈরাচারের দোসরেরা বিভিন্ন সেক্টরে গুপ্ত অবস্থায় অবস্থান করে নানা প্রকার উস্কানী ও প্রতিহিংসামূলক এজেন্ডা বাস্তবায়ন করে চলেছে। এদেরকে চিনি্হত করে কঠোরভাবে দমনের জন্য সরকারের পাশাপাশি সবাইকে সচেতন হবার আহবান জানানো হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান আলোচক ছিলেন শেকড় সাহিত্য সংসদের সহ-সভাপতি ও নব্বই দশকের অন্যতম খ্যাতিমান কবি আল হাফিজ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কবি আহমেদ বেলাল। আরও উপস্থিত ছিলেন কবি সজীব তাওহীদ, কবি হাসান লেলিন, গবেষক মাহমুদ ইউসুফ, কবিতার ফেরিওয়ালা মুসাফির, কবি সাইফুল্লাহ সাইফ, কবি ইয়াসমিন অজন্তা, কবি ও শিক্ষক মাহবুব রহমান, মো. নাজিমউদ্দীন, সাজেদুল ইসলাম, হাসিবুর রহমান, এম জামান, রাফসানসহ আরও অনেকে।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ শনিবার ॥ ০৮ আগস্ট ২০২৬ ॥ ২৪ শ্রাবণ ১৪৩৩

প্রতিরক্ষা চুক্তি করতে যাচ্ছে সৌদি আরব, তুরস্ক ও পাকিস্তান

কীর্তনখোলা ডেস্ক

মধ্যপ্রাচ্যে চলমান সামরিক উত্তেজনার মধ্যে নিরাপত্তা সহযোগিতা জোরদারের লক্ষ্যে যৌথ প্রতিরক্ষা চুক্তি করতে যাচ্ছে সৌদি আরব, তুরস্ক ও পাকিস্তান। শুক্রবার (৭ আগস্ট) সৌদি আরবের জেদ্দায় চুক্তিটি সই হওয়ার কথা রয়েছে। সৌদি ৩ এর পাতায় দেখুন

শিশুদের ওপর নেতিবাচক প্রভাব মেটাকে ৫৬৭ মিলিয়ন ডলার জরিমানা

কীর্তনখোলা ডেস্ক

ফেসবুকের মূল মালিকানা প্রতিষ্ঠান মেটাকে ৫৬৭ মিলিয়ন ডলার জরিমানা করা হয়েছে। প্রতিষ্ঠানটির মালিকানাধীন প্ল্যাটফর্মগুলোর কারণে সৃষ্ট মানসিক স্বাস্থ্যের ওপর বিরূপ প্রভাব মোকাবিলার লক্ষ্যে গঠিত একটি তহবিলে এ জরিমানার ৩ এর পাতায় দেখুন

টানা বর্ষণে বিপর্যস্ত বরিশাল-ঢাকা মহাসড়ক, দূর্ভোগে যাত্রীরা

গৌরনদী প্রতিনিধি

কয়েক সপ্তাহের টানা বর্ষণে অসংখ্য খানাখন্দে ভরে গেছে দক্ষিণাঞ্চলের প্রবেশদ্বার খ্যাত ঢাকা-বরিশাল মহাসড়কের গৌরনদীর অংশ। সড়কের কোথাও কোথাও পিচ-পাথর একাকার হয়ে জেগে উঠছে টিউমার। আবার কোথাও সৃষ্টি হচ্ছে ছোটবড় গর্ত। যা দেখে বোঝার উপায় এটা নেই এটা ব্যস্ততম ঢাকা-বরিশাল মহাসড়ক। দীর্ঘদিন ধরে সড়কটির বেহাল দশায় চরম দুর্ভোগের শিকার হচ্ছেন দক্ষিণাঞ্চলগামী যাত্রীরা। শুক্রবার (৭ আগস্ট) সকালে গৌরনদী উপজলোর ভুরঘাটা বাসস্ট্যান্ড থেকে দক্ষিণ উজিরপুর সীমান্ত পর্যন্ত ১৯ কিলোমিটার সড়ক ঘুরে দেখা গেছে, মহাসড়কের অসংখ্য স্থানে ছোট-বড় গর্তের চিত্র। বিশেষ করে ব্যস্ততম টরকী বাসস্ট্যান্ড, মদিনা স্ট্যান্ড, গৌরনদী বাসস্ট্যান্ড হয়ে আশোকাঠী, কাসেমাবাদ, মাহিলাড়া, বাটাজোর, বামরাইল বাসস্ট্যান্ডের অবস্থা সবচেয়ে বেহাল। ২ এর পাতায় দেখুন

মনপুরায় হাজার কোটি টাকার বেড়িবাঁধে ধস, আতঙ্কে দেড় লাখ মানুষ

মনপুরা প্রতিনিধি

ভোলার মনপুরায় উপকূল রক্ষায় প্রায় ১ হাজার ১৭০ কোটি টাকা ব্যয়ে নির্মাণাধীন টেকসই বেড়িবাঁধের বিভিন্ন স্থানে ধস ও বড় বড় গর্ত সৃষ্টি হয়েছে। সামান্য বৃষ্টিতেই বাঁধের মাটি ও বালু সরে যাওয়ায় আতঙ্কে রয়েছেন উপজেলার উপকূলীয় এলাকার প্রায় দেড় লাখ বাসিন্দা। স্থানীয়দের অভিযোগ, নিম্নমানের বালু ব্যবহার এবং নির্মাণকাজে যথাযথ তদারকির অভাবে কাজ শেষ হওয়ার আগেই বাঁধের বিভিন্ন অংশ ধসে পড়ছে। স্থানীয় সূত্র ও সরেজমিনে দেখা গেছে, মনপুরা ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডের পশ্চিম পাশ, হাজিরহাট ইউনিয়নের ২, ৩ ও ৮ নং ওয়ার্ড এবং দক্ষিণ সাকুচিয়া ইউনিয়নের সূর্যমুখী এলাকায় নির্মাণাধীন বেড়িবাঁধের বিভিন্ন অংশে ধস নেমেছে। ৩ এর পাতায় দেখুন

বাল্কহেডের ধাক্কায় সেতু ভেঙে খালে পাঁচ গ্রামের যোগাযোগ বিচ্ছিন্ন

বাকেরগঞ্জ প্রতিনিধি

বরিশালের বাকেরগঞ্জ উপজেলার চরাদী ইউনিয়নে বালুবোঝাই একটি বাল্কহেডের ধাক্কায় একটি সেতুর মাঝের অংশ ভেঙে খালে পড়ে গেছে। এতে অন্তত পাঁচটি গ্রামের প্রায় ২০ হাজার মানুষের একমাত্র যোগাযোগ ব্যবস্থা বন্ধ হয়ে চরম দুর্ভোগের সৃষ্টি হয়েছে। শিক্ষা, চিকিৎসা, কৃষিপণ্য পরিবহন ও নিত্যপ্রয়োজনীয় কাজে ভোগান্তিতে পড়েছেন স্থানীয় বাসিন্দারা। বুধবার (৬ আগস্ট) বেলা সাড়ে ১১টার দিকে চরাদী ইউনিয়নের হলতা বাজার সংলগ্ন হলতা খালের ওপর নির্মিত সেতুতে এ দুর্ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা যায়, নদীপথে বালু বহনকারী নিজাম ডাকুয়ার একটি বাল্কহেড সেতুর নিচ দিয়ে যাওয়ার সময় নিয়ন্ত্রণ হারিয়ে সেতুর মাঝখানের লোহার পিলারে আঘাত ৩ এর পাতায় দেখুন

পরিত্যক্ত সাইক্লোন শেল্টার পরিদর্শনে জলবায়ু ট্রাস্টের এমডি

কাউখালী প্রতিনিধি

পিরোজপুরের কাউখালী উপজেলার রঘুনাথপুর এবতেদায়ী মাদ্রাসা কাম সাইক্লোন শেল্টারের নির্মাণাধীন ও দীর্ঘদিন ধরে ফেলে রাখা ভবন পরিদর্শন করেছেন বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক (গ্রেড-২) কাজী রওনাকুল ইসলাম টিপু। শুক্রবার (৭ আগস্ট) দুপুরে তিনি প্রকল্প এলাকা পরিদর্শন করে অর্ধসমাপ্ত ভবনের বর্তমান অবস্থা সরেজমিনে দেখেন এবং সংশ্লিষ্টদের সঙ্গে কথা বলেন। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)-এর উপজেলা প্রকৌশলী জানান, ২০২১ সালের মার্চে ২ কোটি ৫০ লাখ টাকা ব্যয়ে প্রকল্পটির কাজ শুরু হয়। ২০২৩ সালের ৩ এর পাতায় দেখুন

লঞ্চ-জাহাজের সংঘর্ষ, অল্পের জন্য রক্ষা পেলেন দেড় শতাধিক যাত্রী

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি

বরিশালের মেহেন্দীগঞ্জে কালাবাদর নদীতে পণ্যবাহী জাহাজের সঙ্গে যাত্রীবাহী লঞ্চের সংঘর্ষ হয়েছে। এ ঘটনায় লঞ্চের সামনের অংশ ক্ষতিগ্রস্ত হলেও অল্পের জন্য প্রাণে রক্ষা পেয়েছেন প্রায় দেড় শতাধিক যাত্রী। শুক্রবার সকাল সাড়ে ১০টার দিকে কালাবাদর নদীর ‘খাম্বা’ এলাকায় দুর্ঘটনাটি ঘটে। লঞ্চের যাত্রীরা জানান, জাহাজের নাবিকের কৌশলেই বড় ধরনের দুর্ঘটনা এড়ানো সম্ভব হয়েছে। যাত্রী ও স্থানীয় সূত্রে জানা যায়, বরিশালগামী সোহাগী-১ নামে একটি যাত্রীবাহী লঞ্চ কালাবদর নদীর ‘খাম্বা’ এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি পণ্যবাহী কোস্টার জাহাজের সঙ্গে ৩ এর পাতায় দেখুন

চোরাই মহিষসহ আন্তঃজেলা ডাকাত সর্দার গ্রেফতার

ভান্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভান্ডারিয়ায় ১৫টি মামলার আসামি ও আন্তজেলা ডাকাত দলের সর্দার মো. কামরুল হাওলাদারকে (৩৬) গ্রেফতার করেছে পুলিশ। বৃহস্পতিবার একটি হলুদ রঙের মিনি ট্রাকসহ তাকে গ্রেফতার করা হয়। এ সময় ট্রাকটিতে তল্লাশি চালিয়ে ঝালকাঠির কাঁঠালিয়া থেকে চুরি হওয়া চারটি মহিষ উদ্ধার করা হয়েছে। পুলিশ সূত্রে জানা যায়, বৃহস্পতিবার রাত আনুমানিক ৩ এর পাতায় দেখুন

দেশজুড়ে পাঁচ দিন বৃষ্টির পূর্বাভাস

কীর্তনখোলা ডেস্ক

পাঁচ দিন দেশের বিভিন্ন অঞ্চলে বৃষ্টি ও বজ্রবৃষ্টির সম্ভাবনা রয়েছে। এর মধ্যে কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে বলে জানিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। শুক্রবার (৭ আগস্ট) সকাল ৯টা থেকে পরবর্তী ১২০ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাসে এ তথ্য জানানো হয়। আবহাওয়া অধিদপ্তর জানায়, মৌসুমি বায়ুর অক্ষের বর্ধিতাংশ রাজস্থান, পাঞ্জাব, হরিয়ানা, উত্তরপ্রদেশ, বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত। মৌসুমি বায়ু বাংলাদেশের ওপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারি অবস্থায় রয়েছে। পূর্বাভাস অনুযায়ী, শুক্রবার ২ এর পাতায় দেখুন

বাউফলে খাল পরিষ্কার অভিযান স্বস্তিতে চার গ্রামের কৃষক

বাউফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফল উপজেলার কনকদিয়া ইউনিয়নে জলাবদ্ধতা নিরসন, পানি চলাচল স্বাভাবিক রাখা এবং কৃষিজমি চাষাবাদের উপযোগী করতে খাল পরিষ্কার অভিযান পরিচালনা করা হয়েছে। বৃহস্পতিবার সকাল ৯টা থেকে সমাজসেবক ইব্রাহীম হাওলাদারের উদ্যোগে এ খাল পরিষ্কার কার্যক্রম শুরু হয়। এতে স্থানীয় স্বেচ্ছাসেবক ও এলাকাবাসী স্বতঃস্ফূর্তভাবে অংশ নেন। তারা খাল থেকে জমে থাকা আগাছা, ময়লা-আবর্জনা ও পলি অপসারণ করেন। স্থানীয়দের মতে, দীর্ঘদিন খালটি ৩ এর পাতায় দেখুন

হিজলায় পুকুরে ডুবে দেড় বছরের শিশুর মৃত্যু

হিজলা প্রতিনিধি

বরিশালের হিজলা উপজেলায় পুকুরের পানিতে ডুবে মো. মুরছালিন নামে (১ বছর ৭ মাস) এক শিশুর মৃত্যু হয়েছে। শুক্রবার ভোর ৬টার দিকে উপজেলার গুয়াবাড়িয়া ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডে এ দুর্ঘটনা

ঘটে। নিহত মুরছালিন গুয়াবাড়িয়া গ্রামের প্রবাসী মো. জুবায়েরের ছেলে। পারিবারিক সূত্রে জানা যায়, শুক্রবার ভোরে মুরছালিনের নানা বাজারে ছিলেন এবং নানি কোরআন শরিফ তেলাওয়াত করছিলেন। এ সময় শিশুটির মা ঘুমিয়ে ছিলেন। পরে ঘুম থেকে উঠে সন্তানকে পাশে না পেয়ে খোঁজাখুঁজি শুরু করেন তিনি। একপর্যায়ে স্বজনরা বাড়ির পাশের পুকুরে মুরছালিনকে ভাসমান অবস্থায় দেখতে পান। দ্রুত তাকে উদ্ধার ৩ এর পাতায় দেখুন

হামের উপসর্গ নিয়ে আরও তিনজনের মৃত্যু, আক্রান্ত ১২১৮

কীর্তনখোলা ডেস্ক

সারা দেশে নতুন করে হামের উপসর্গ নিয়ে আরও তিনজনের মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার (৬ আগস্ট) সকাল ৮টা থেকে শুক্রবার (৭ আগস্ট) সকাল ৮টার মধ্যে এই মৃত্যুর ঘটনা ঘটে। তবে এ সময়ের মধ্যে নিশ্চিত হামে কারও মৃত্যু হয়নি। একই সময়ের মধ্যে হাম ও হামের উপসর্গে আক্রান্ত হয়েছে ১ হাজার ২১৮ জন। স্বাস্থ্য অধিদফতরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়, গত ১৫ মার্চ থেকে শুক্রবার পর্যন্ত হামের উপসর্গে দেশে ৭৬৭ শিশুর মৃত্যুর তথ্য জানা গেছে। এ সময় হাম শনাক্ত হওয়ার পর মারা গেছে ৯৬ শিশু। এ নিয়ে সাড়ে এখনও পর্যন্ত হাম ও হামের উপসর্গে শিশুর মৃত্যু ৮৬৩ জনে পৌঁছেছে। স্বাস্থ্য অধিদফতরের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় দেশে সন্দেহজনক হাম আক্রান্ত রোগীর সংখ্যা ১ হাজার ১৭ জন এবং নিশ্চিত হাম শনাক্ত হয়েছে ২০১ জনের। মোট ১ হাজার ২১৮ শিশু হাম ও হামের উপসর্গে আক্রান্ত হয়েছে। ১৫ মার্চ থেকে শুক্রবার পর্যন্ত মোট সন্দেহজনক হাম রোগী ৩ এর পাতায় দেখুন

কাজিরহাটে একই পরিবারের চার জনকে পিটিয়ে আহত

কীর্তনখোলা রিপোর্ট

মেহেন্দিগঞ্জের কাজিরহাট থানার ৬নং বিদ্যানন্দপুর ইউনিয়নের পূর্ব রতনপুরে জমি-জমা সংক্রান্ত বিরোধের জের ধরে একই পরিবারের পিতা-পুত্র এবং দুই পুত্রবধূকে লোহার রড ও হাতুরি দিয়ে পিটিয়ে গুরুতর জখম করার অভিযোগ পাওয়া গেছে। গুরুতর জখম দুই পুত্রবধূকে পার্শ্ববর্তী মুলাদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। এবং পিতা ও পুত্র প্রাথমিক চিকিৎসা নিয়েছে। গত ১ আগষ্ট দুপুর সাড়ে ১২টার দিকে পূর্ব রতনপুর ৩ এর পাতায় দেখুন

রাজকীয় দামে বিক্রি হলো এক ইলিশ

চরফ্যাশন প্রতিনিধি

ভোলার চরফ্যাশনে মেঘনা নদী ও বঙ্গোপসাগরের মোহনায় এক জেলের জালে ধরা পড়েছে ২ কেজি ৬০০ গ্রাম ওজনের একটি বিশালাকার ‘রাজা ইলিশ’। পরে আঞ্জুরহাট বকসী মৎস্য ঘাটে আয়োজিত উন্মুক্ত নিলামে (ডাক) মাছটি ১৪ হাজার টাকায় বিক্রি হয়। শুক্রবার (৭ আগস্ট) সকালে বকশি মৎস্য ঘাটের সাজ মৎস্য আড়তে জেলেরা নিয়ে আসে। এর আগে, বৃহস্পতিবার বিকেলে জালে অন্যান্য ছোট মাছ ও ইলিশের সঙ্গে এই বড় ইলিশটিও ধরা পড়ে। চরাঞ্চলের জেলে ও ব্যবসায়ীদের কাছে এ আকারের ৩ এর পাতায় দেখুন

সোনার গহনার দাম ভরিতে কমলো ৩২৬৬ টাকা

কীর্তনখোলা ডেস্ক

দেশের বাজারে সোনার গহনার দাম কমানো হয়েছে। সবচেয়ে ভালো মানের বা ২২ ক্যারেটের প্রতি ভরি (১১ দশমিক ৬৬৪ গ্রাম) সোনার গহনার দাম কমেছে ৩ হাজার ২৬৬ টাকা। এতে ভ্যাটসহ ভালো মানের এক ভরি সোনার গহনার দাম নির্ধারণ করা হয়েছে ২ লাখ ২৯ হাজার ৬৬৪ টাকা। স্থানীয় বাজারে তেজাবী সোনার দাম কমায় এই দাম কমানো হয়েছে। শুক্রবার (৭ আগস্ট) সকাল ১০টা থেকে এই দাম কার্যকর হয়েছে বলে জানিয়েছে বাংলাদেশ জুয়েলার্স অ্যাসোসিয়েশন (বাজুস)। শুক্রবার বাজুস স্ট্যান্ডিং কমিটি অন প্রাইসিং অ্যান্ড প্রাইস মনিটরিং কমিটি বৈঠকে করে এই দাম কমানোর সিদ্ধান্ত নিয়েছে। পরে কমিটির চেয়ারম্যান ডা. দেওয়ান আমিনুল ইসলাম শাহীন সই ৩ এর পাতায় দেখুন

লাল ফিতা কেটে বাঁশের সাঁকো উদ্বোধন করলেন বিএনপি নেতা

উজিরপুর প্রতিনিধি

বরিশালের উজিরপুরে বাঁশ ও সুপারি গাছ দিয়ে নির্মিত একটি সাঁকো উদ্বোধনকে কেন্দ্র করে সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক সমালোচনা ও আলোচনা তৈরি হয়েছে। পৌর বিএনপির সভাপতি মোঃ শহিদুল ইসলাম খানের উদ্যোগে নির্মিত এই সাঁকো ঘিরে নানা প্রতিক্রিয়া দেখা যাচ্ছে। উজিরপুর ৩ এর পাতায় দেখুন

গ্রিস উপকূল থেকে দুই শতাধিক অভিবাসী উদ্ধার, অধিকাংশই বাংলাদেশি

কীর্তনখোলা ডেস্ক

গ্রিস উপকূল থেকে গত ৪৮ ঘণ্টায় দুই শতাধিক অভিবাসন প্রত্যাশীকে উদ্ধার করেছে ইউরোপীয় সীমান্ত ও কোস্ট গার্ড এজেন্সি (ফ্রন্টেক্স)। উদ্ধারকৃতদের অধিকাংশই বাংলাদেশ ও সুদানের নাগরিক। গ্রিসের সংবাদমাধ্যম ‘ডিমোক্রেটিয়া’ এর বরাত দিয়ে শুক্রবার মিডল ইস্ট মনিটরের এক খবরে বলা হয়, দেশটির দক্ষিণ ক্রিট দ্বীপে অবৈধ অভিবাসীদের আগমন অব্যাহত রয়েছে। লিবিয়া উপকূল থেকে যাত্রা শুরু করে গত ৪৮ ঘণ্টারও কম সময়ে অন্তত ২০২ জন অভিবাসী ক্রিট দ্বীপে পৌঁছেছে; যা দ্বীপটির কর্তৃপক্ষ এবং অভিবাসী অভ্যর্থনা কেন্দ্রগুলোর ওপর চাপ বাড়িয়ে দিয়েছে। ডিমোক্রেটিয়া পত্রিকার তথ্য অনুযায়ী, সর্বশেষ বৃহস্পতিবার ৪০ জন অভিবাসীকে বহনকারী একটি নৌকা ইয়েরাপেত্রা অঞ্চলের দক্ষিণ-পূর্বে এসে পৌঁছেছে বলে শনাক্ত করেছে ফ্রন্টেক্স। সংস্থাটি বলেছে, একটি মাছ ধরার নৌকার সহায়তায় কোস্টগার্ডের একটি টহল দল অভিবাসীদের আইরাপাত্রা বন্দরে নিয়ে আসে, যেখানে তাদের নিবন্ধন প্রক্রিয়া ও পরিচয় ৩ এর পাতায় দেখুন

ঘুষের টাকা ফেরত দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে গোপনে কর্মস্থল ছাড়লেন বন কর্মকর্তা

পটুয়াখালী প্রতিনিধি

বঙ্গোপসাগর-সংলগ্ন নদ-নদীতে মাছ ধরার প্রত্যয়ন দেওয়ার কথা বলে ঘুষের টাকা নেওয়ার পর গোপনে কর্মস্থল ত্যাগ করেছেন বন বিভাগের পটুয়াখালীর রাঙ্গাবালী উপজেলার মৌডুবী ইউনিয়নের ভারপ্রাপ্ত কর্মকর্তা (বিট কর্মকর্তা) সোয়েব খান। কর্মস্থল ছাড়ার আগে অভিযুক্ত কর্মকর্তা ভুক্তভোগী ব্যক্তিদের টাকা ফেরত দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিলেন বলে অভিযোগ। ২০ মিনিট ২৪ সেকেন্ডের ওই অডিওতে অভিযুক্ত কর্মকর্তার সঙ্গে একাধিক ভুক্তভোগীর আলোচনা শোনা যায়। এ সময় একই পদে সদ্য যোগদান করা কর্মকর্তা জহির উদ্দিনও উপস্থিত ছিলেন। অডিওর এক পর্যায়ে অভিযুক্ত বন কর্মকর্তাকে বলতে শোনা যায়, ‘চর নিতে দুই পক্ষই টাকা দিয়েছে। যাকে চর দিতে পারব না, তার টাকা ফেরত দিয়ে যাব। কেউ যদি টাকা নিতে না চায়, তাহলে আমার কী করার আছে? আমি ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার:
এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স
শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে
বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য:
০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার:
মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ
কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য:
০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই
আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution,
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com